দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২৬ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৮ রমজান ১৪৪৭ ॥ ১৩ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

•••••••••••••••••••

যদি তারা তোমার সাথে বিতর্কে অবতীর্ণ হয় তবে বলে দাও, “আমি এবং আমার অনুসরণকারীগণ আল্লাহর প্রতি আত্মসমর্পণ করেছি।”

সূরা আল ইমরান- ২০

সীমান্ত বাহিনীকে আরও আধুনিক ও সুসংহত করব : প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, দীর্ঘ সংগ্রামের পর আজ জনগণের রায়ে নির্বাচিত ২ এর পাতায় দেখুন

পিলখানা হত্যাকাণ্ডের যথাযথ বিচার করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

পিলখানা হত্যাকাণ্ডের যথাযথ বিচার করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বুধবার (২৫ ফেব্রুয়ারি) ২ এর পাতায় দেখুন



বিডিআর হত্যাকাণ্ডে আ.লীগের প্রভাবশালীদের যোগসূত্র ছিল

কীর্তনখোলা ডেস্ক

তৎকালীন আওয়ামী লীগ সরকারের প্রভাবশালী ব্যক্তিদের সঙ্গে পিলখানায় বিডিআর হত্যাকাণ্ডের যোগসূত্র ছিল বলে মন্তব্য ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতিকে অভিশংসনের পর গ্রেফতারের দাবি বিরোধীদলীয় চিফ হুইপের

কীর্তনখোলা ডেস্ক

চব্বিশের জুলাইয়ে গণহত্যা ঠেকাতে কার্যকর ব্যবস্থা না নেওয়ায় রাষ্ট্রপতিকে অভিশংসনের পর গ্রেফতারের দাবি জানিয়েছেন ২ এর পাতায় দেখুন

বরিশাল আইজীবী সমিতির সভাপতি জেলে পিপিসহ ১২ জনের বিরুদ্ধে মামলা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা আইজীবী সমিতির সভাপতি, সম্পাদক, পিপিসহ ১২ জনের বিরুদ্ধে অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বেঞ্চ সহকারী রাজিব মজুমদার বাদি হয়ে কোতোয়ালি মডেল থানায় মামলা দায়ের করেছেন। মামলার প্রধান আসামি আইজীবী সমিতির সভাপতি সাদিকুর রাহমান লিংকন গ্রেপ্তার হলে তার জামিন না মঞ্জুর করে জেলহাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন চীফ মেট্রোপলিটন আদালতের বিচারক মো. জহির উদ্দিন। পাশাপাশি আগামী ২ মার্চ পরবর্তী শুনানীর তারিখ ধার্য করা হয়েছে। রায় ঘোষণার পর বুধবার (২৫ ফেব্রুয়ারি) বিকেলে জেলা আইজীবী সমিতির সভাপতি সাদিকুর রাহমান লিংকনকে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। বুধবার দুপুরে দায়ের করা মামলার অন্যান্য আসামিরা হলেন, জেলা আইনজীবী সমিতির সম্পাদক মীর্জা রিয়াজুল ইসলাম, জেলা পিপি আবুল কালাম আজাদ, মহানগর আদালতের পিপি নাজিম উদ্দিন পান্না, সাবেক পিপি অ্যাডভোকেট মহসিন মন্টু, মিজানুর রহমান, আব্দুল মালেক, অ্যাডভোকেট সাঈদ, হাফিজ উদ্দিন বাবলু, তারেক আল ইমরান, আবুল কালাম আজাদ ইমন, অ্যাডভোকেট বশির উদ্দিন সবুজসহ অজ্ঞাতনামা আরও ১৫ থেকে ২০ জন। এজাহারে উল্লেখ করা হয়েছে, একটি মামলার জামিনকে কেন্দ্র করে গত ২৪ ফেব্রুয়ারি চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত ও অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের সামনে সকাল ১০ টা ৪৫ মিনিট থেকে সাড়ে ১১টা পর্যন্ত উল্লেখিত আসামিসহ আরো ১৫/২০ জন আইনজীবী আদালত বর্জন ঘোষণা করে বিচারকদের উদ্দেশ্যে কুরুচিপূর্ণ বক্তব্য প্রদান করেন। তারা বিচারকদের উদ্দেশ্য করে বিভিন্ন আপত্তিকর শ্লোগান দিতে থাকেন। এরপর বেলা আড়াইটার দিকে আদালতের কার্যক্রম চলাকালে তারা হট্টোগোল ২ এর পাতায় দেখুন

বরিশালের ৯ আইনজীবীর বিরুদ্ধে আদালত অবমাননার রুল

কীর্তনখোলা ডেস্ক

বরিশালের চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের এজলাসে ভাঙচুর এবং বিচারকের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের ঘটনায় ৯ আইনজীবীর বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছেন হাইকোর্ট। গতকাল বুধবার বিচারপতি ফাহমিদা কাদের ও বিচারপতি মো. আসিফ হাসানের বেঞ্চ স্বপ্রণোদিত হয়ে এই রুল জারি করেন। আদালত অবমাননার ঘটনায় ৯ আইনজীবীর বিরুদ্ধে কেন যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে রুলে। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি ২ এর পাতায় দেখুন

বিএনপি নেতা আইনজীবী সমিতির সভাপতি আটকের নেপথ্যে

কীর্তনখোলা রিপোর্ট

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতাদের জামিন দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে বরিশালে অতিরিক্ত চিফ মেট্রোপলিটন আদালতের এজলাসে হট্টগোলের পর আইনজীবী সমিতির সভাপতিকে আটক করেছে যৌথবাহিনী। বুধবার (২৫ ফেব্রুয়ারি) বরিশাল আদালত প্রাঙ্গণ থেকে তাকে আটক করা হয়। আটক সাদিকুর রহমান (লিংকন) বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি ও বিএনপি নেতা। মঙ্গলবার বরিশাল জেলা আইনজীবী সমিতির নেতারা এজলাসে ঢুকে বেঞ্চে ধাক্কাধাক্কি ও চিৎকার করেন। ওই ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে ২ এর পাতায় দেখুন

বাংলাদেশ ব্যাংকের গভর্নর হলেন মোস্তাকুর রহমান

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর হিসেবে নিয়োগ পেয়েছেন মো. মোস্তাকুর রহমান। মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়, বাংলাদেশ ব্যাংক আদেশ, ২ এর পাতায় দেখুন

বরিশাল বোর্ডে জুনিয়র বৃত্তি পেয়েছে ২ হাজার ৭৪৪ জন

কীর্তনখোলা ডেস্ক

দীর্ঘ ১৭ বছর পর অনুষ্ঠিত জুনিয়র বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে দুই ক্যাটাগারিতে নির্বাচিত হয়েছে ৪৬ হাজার ২০০ জন। এরমধ্যে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ১৪ হাজার ৭০০ এবং সাধারণ ক্যাটাগরিতে পেয়েছে ৩১ হাজার ৫০০ জন। বুধবার (২৫ ফেব্রুয়ারি) দুপুর দেড়টায় এ ফল প্রকাশ করা হয়। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন ফল প্রকাশের ঘোষণা দেন। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে আয়োজিত ফল প্রকাশ অনুষ্ঠানে প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ উপস্থিত ছিলেন। প্রকাশিত ফলাফল পর্যালোচনায় দেখা যায়, এবার সাধারণ ৯টি শিক্ষা বোর্ড থেকে সারাদেশে মোট ৩ লাখ ১৫ হাজার ১৬০ জন শিক্ষার্থী জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্যে নির্বাচিত হয়েছে ৪৬ হাজার ২০০ জন। এর মধ্যে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ১৪ হাজার ৭০০ এবং সাধারণ ক্যাটাগরিতে পেয়েছে ৩১ হাজার ৫০০ জন। বোর্ডভিত্তিক বৃত্তির ২ এর পাতায় দেখুন

রমজানের শিক্ষা: জিহ্বার সংযম ও গীবত বর্জন

মাওলানা মোহাম্মদ ইউসুফ

পবিত্র মাহে রমজানের আজ ৮ম দিবস। সিয়াম সাধনার অন্যতম গুরুত্বপূর্ণ দিক হলো জিহ্বার হেফাজত এবং বাকসংযম। অনেক সময় আমরা মনে করি, কেবল পানাহার থেকে বিরত থাকাই রোজা অথচ প্রকৃত রোজা হলো সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গকে পাপ থেকে মুক্ত রাখা। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো জিহ্বার নিয়ন্ত্রণ। ২ এর পাতায় দেখুন

এবারও জনপ্রতি সর্বনিম্ন ফিতরা ১১০, সর্বোচ্চ ২৮০৫ টাকা

কীর্তনখোলা ডেস্ক

রমজানে এ বছরও বাংলাদেশে ফিতরার হার জনপ্রতি সর্বনিম্ন ১১০ টাকা ও সর্বোচ্চ ২ হাজার ৮০৫ টাকা নির্ধারণ করা হয়েছে। গত বছরও (২০২৫) সর্বনিম্ন ও সর্বোচ্চ ফিতরার হার একই ছিল। বুধবার (২৫ ফেব্রুয়ারি) রাজধানীর বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় সাদাকাতুল ফিতর নির্ধারণ কমিটির সভায় ২ এর পাতায় দেখুন

বিটিভিকে জনগণের প্রচারমাধ্যমে রূপান্তর করতে চাই: তথ্যমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

রাষ্ট্রীয় প্রচার মাধ্যম বাংলাদেশ টেলিভিশনকে কীভাবে জনগণের প্রচার মাধ্যমে রূপান্তরিত করা যায় সে বিষয়ে একটি প্রস্তাবনা তৈরির কাজ চলছে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। বুধবার (২৫ ফেব্রুয়ারি) সচিবালয়ে প্রধানমন্ত্রীর তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। তথ্যমন্ত্রী বলেন, ‘তথ্য ২ এর পাতায় দেখুন

শ্রমিকদলের উদ্যোগে ইফতার ও দোয়া-মোনাজাতে উপস্থিত বরিশাল সদর আসনের এমপি অ্যাড. মজিবর রহমান সরোয়ার -কীর্তনখোলা

ছাত্রদল নেতাসহ ২৩ শিক্ষার্থীর নামে নিষিদ্ধ ছাত্রলীগ নেতার মামলা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মো. মিজানুর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের ২৩ শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা দায়ের করেছেন নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ নেতা তানজিদুল হক (ওরফে মঞ্জু)। রাতভর নির্যাতনের শিকার মুকুল আহমেদকে এ মামলায় ৪ নম্বর আসামি করা হয়েছে। জানা গেছে, বরিশাল ম্যাট্রোপলিটন বিচার দ্রুত আমলি আদালতে এ মামলা দায়ের করা হয়। মামলায় উল্লেখ করা হয়েছে, গত বছরের ২৬ আগস্ট রাত ১টার দিকে বরিশাল মেরিন একাডেমির সম্মুখে নভোথিয়েটার সংলগ্ন আনন্দবাজার এলাকায় একটি মোটরসাইকেলে অগ্নিসংযোগ করা হয়। ওই ঘটনায় নিজ বিভাগের ১৭জন শিক্ষার্থীসহ মোট ২৩ শিক্ষার্থীকে আসামি করা হয়েছে। অভিযুক্ত ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মো. মিজানুর রহমান বলেন, এই ২ এর পাতায় দেখুন

কাশিপুর ইউনিয়ন বিল্ব বাড়ি জামায়াত ইসলামীর আয়োজনে ইফতার ও দোয়া মোনাজাতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত সহকারী সেক্রেটারি জেনারেল মুয়াযযম হোসাইন হেলাল -কীর্তনখোলা

সৌদিতে গৃহকর্মী, বরিশালের নারী ফিরলেন অন্তঃসত্ত্বা হয়ে

কীর্তনখোলা ডেস্ক

ভাগ্যবদলের আশায় সৌদি আরবে পাড়ি দিয়ে উল্টো ভাগ্যবিড়ম্বিত হয়েছেন বরিশালের এক নারী। গৃহকর্মী হিসেবে যাওয়া ওই নারী দিনরাত কাজ করেও খাবার পাননি ঠিকমতো। শারীরিক ও যৌন নির্যাতনের শিকার হয়েছেন। চারবার হাতবদল হওয়া ওই নারী অন্তঃসত্ত্বা অবস্থায় দেশে ফিরেছেন; কিন্তু বাড়ি ফেরা হয়নি। সৌদিতে নির্যাতনের শিকার হয়ে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছিলেন আরেক নারী। ১৩ দিন আগে দেশে ফিরলেও পাসপোর্ট ও পরিচয়পত্রের অভাবে তাঁর পরিচয় মিলছিল না। পরে ব্র্যাক মাইগ্রেশন ওয়েলফেয়ার সেন্টার ও পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) তাঁর পরিচয় বের করে মঙ্গলবার তুলে দিয়েছে পরিবারের হাতে। ভাগ্যবিড়ম্বিত এই নারীর এখন দিন কাটছে রাজধানীতে বিমানবন্দর-সংলগ্ন আশকোনায়, ব্র্যাক লার্নিং সেন্টারে। দালালের খপ্পরে পড়ে সুখ-স্বাচ্ছন্দ্যের আশায় সৌদি আরবে গিয়ে তাঁর ভবিষ্যৎ এখন অনিশ্চিত। মঙ্গলবার দুপুরে নিজের ভয়াবহ অভিজ্ঞতা তুলে ধরে তিনি বলেন, ‘সৌদি আরবে গিয়ে কোনো টাকা পাইনি। শান্তিতে থাকতে পারিনি, খেতেও পারিনি। শুধু নির্যাতনই সহ্য করেছি।’ ওই নারীর বর্ণনা অনুযায়ী, ২০২৪ সালে এক দালালের মাধ্যমে তিনি পাড়ি জমান সৌদি আরবে। দালাল প্রতিশ্রুতি দিয়েছিল, ভালো বেতন, নির্দিষ্ট কর্মঘণ্টা এবং বাংলাদেশি অন্য নারীদের সঙ্গে থাকার ব্যবস্থা আছে। কিন্তু সেখানে পৌঁছে দেখেন, বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। প্রথমে তাঁকে রাখা হয়েছিল একটি অফিসে। পরে তাঁকে একের পর এক বাড়িতে কাজের জন্য পাঠানো হয়। ওই নারী অভিযোগ ২ এর পাতায় দেখুন

ভান্ডারিয়ায় বিদেশি পিস্তল ও গুলিসহ গ্রেফতার ১

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভান্ডারিয়ায় অস্ত্র ও গুলিসহ মো. আলীম খান (৪৯) নামে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) দিবাগত রাতে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার ভিটাবাড়িয়া ইউনিয়নের উত্তর শিয়ালকাঠি এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। বুধবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে পিরোজপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) মো. জিয়াউর রহমান এক সংবাদ সম্মেলনের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন। সংবাদ সম্মেলনে জানানো হয়, মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) রাত সাড়ে ১১টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার ভিটাবাড়িয়া ইউনিয়নের উত্তর শিয়ালকাঠি এলাকায় অভিযান চালায় পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) একটি দল। এসময় উপজেলার উত্তর শিয়ালকাঠি গ্রামের ফারজানে রাসুল জামে মসজিদ এলাকার নির্মাণাধীন ইট সলিং রাস্তার সামনে গেলে মো. আলীম খান নামে ওই ব্যক্তি দৌড়ে পালিয়ে যেতে গেলে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দর-কষাকষির সুযোগ নিতে হবে

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পাল্টা শুল্ক বিশ্ববাণিজ্যে এক অস্থির অবস্থার সৃষ্টি করেছিল। সম্প্রতি মার্কিন সুপ্রিম কোর্ট এক রায়ে ট্রাম্পের ঘোষিত পাল্টা শুল্ক অবৈধ ঘোষণা করেছেন। এই রায়ের ফলে আগে ঘোষিত পাল্টা শুল্ক কার্যত বাতিল হয়ে গেলেও পরে নতুন নির্বাহী আদেশের মাধ্যমে সব দেশের ওপর আবারও ১৫ শতাংশ আমদানি শুল্ক আরোপ করেছেন ট্রাম্প। ফলে সামগ্রিক পরিস্থিতি এখনো পুরোপুরি পরিষ্কার নয় বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। বিশেষজ্ঞরা মনে করছেন, পুরো পরিস্থিতি গভীরভাবে পর্যালোচনা করতে হবে। এই পরিস্থিতিতে দর-কষাকষির সুযোগ তৈরি হতে পারে এবং বাংলাদেশকে তা দক্ষতার সঙ্গে কাজে লাগাতে হবে। বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্য তৈরি পোশাক। মোট রপ্তানির প্রায় ৯০ শতাংশ। আর তার প্রধান গন্তব্য যুক্তরাষ্ট্র। গত বছর দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নির্বাহী আদেশে বিভিন্ন দেশের ওপর পাল্টা শুল্ক আরোপ করেন। বাংলাদেশের ওপরও ২০ শতাংশ শুল্ক আরোপ করেন। আগের ১৫.১ শতাংশ যোগ হয়ে যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পণ্য রপ্তানিতে মোট শুল্ক দাঁড়ায় ৩৫.১ শতাংশ। এতে বাংলাদেশের রপ্তানি বাণিজ্য ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হয়। চাপ কাটাতে অন্তর্বর্তী সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে নানা ধরনের চুক্তি করে। এতে পাল্টা শুল্ক ২০ থেকে কমিয়ে ১৯ শতাংশ করা হয়। অর্থাৎ বাংলাদেশি পণ্যে মোট শুল্ক দাঁড়ায় ৩৪.১ শতাংশ। তবে মার্কিন তুলায় পণ্য বানিয়ে তা রপ্তানি করলে শুল্ক শূন্য করারও আশ্বাস দেওয়া হয়। অন্যদিকে বাংলাদেশের প্রতিযোগী কিছু দেশে এই শুল্কের পরিমাণ বাংলাদেশের চেয়ে কম থাকায় তারা বিশেষ সুবিধা পাচ্ছিল। আদালতের রায়ে আগের শুল্কারোপ বাতিল হওয়া এবং নতুন করে সব দেশের জন্য সমান শুল্কারোপ হওয়ায় বাংলাদেশকে শুল্কবৈষম্যের শিকার হতে হবে না। কিন্তু বাংলাদেশকে পরিস্থিতি পর্যবেক্ষণ করে যেতে হবে এবং আলাপ-আলোচনার ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নিতে হবে। অর্থনৈতিক বিশ্লেষক মাশরুর রিয়াজ মনে করেন, মার্কিন আদালতের রায়ের ফলে আগে ঘোষিত পাল্টা শুল্ক কার্যত বাতিল হয়ে গেছে। তবে প্রেসিডেন্ট ট্রাম্প নতুন নির্বাহী আদেশের মাধ্যমে সব দেশের ওপর আবারও ১৫ শতাংশ শুল্ক আরোপ করেছেন। ফলে পরিস্থিতি পুরোপুরি পরিষ্কার হয়নি। তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বিদ্যমান দ্বিপক্ষীয় বাণিজ্য কাঠামো থেকে সম্পূর্ণ বের হয়ে যাওয়ার পরিবর্তে যেসব ক্ষেত্রে বাংলাদেশের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে, সেগুলো নিয়ে নতুন করে দর-কষাকষিতে যাওয়া বেশি বাস্তবসম্মত হবে। নিট পোশাক খাতের শীর্ষ সংগঠন বিকেএমইএর সাবেক সভাপতি ফজলুল হক বলেন, মার্কিন সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষাপটে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বিদ্যমান বাণিজ্যচুক্তিগুলো নতুন করে পর্যালোচনার সুযোগ তৈরি হয়েছে। তিনি বলেন, আদালতের রায়ের ফলে যদি সংশ্লিষ্ট কোনো বাণিজ্যব্যবস্থা বা শুল্ককাঠামো স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যায়, তবে তা বাংলাদেশের জন্য ইতিবাচক হতে পারে। যুক্তরাষ্ট্র এককভাবে বাংলাদেশের বৃহত্তম রপ্তানি বাজার। এই বাজার রক্ষায় আমাদের কৌশলী পদক্ষেপ নিতে হবে। বাণিজ্য আলোচনা চালিয়ে যেতে হবে। আমরা আশা করি, নতুন সরকার পরিবর্তিত পরিস্থিতি পর্যালোচনা করে রপ্তানি বাণিজ্যের স্বার্থে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

রাষ্ট্রপতিকে অভিশংসনের পর

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। বুধবার (২৫ ফেব্রুয়ারি) বিকেলে বনানী সামরিক কবরস্থানে পিলখানা হত্যাকাণ্ডের শহীদদের কবর জিয়ারত শেষে এ দাবি জানান তিনি। নাহিদ ইসলাম বলেন, নতুন সংসদের প্রথম অধিবেশনের অন্যতম কাজ হওয়া উচিত রাষ্ট্রপতির অভিশংসনের উদ্যোগ নেওয়া। সংসদে সরকারি ও বিরোধীদলসহ সবাইকে এ বিষয়ে একসঙ্গে কাজ করতে হবে। ফ্যাসিবাদের বিরুদ্ধে জাতীয় ঐক্য রয়েছে। জাতীয় ঐক্যের জায়গা থেকে এখানে কোনো বিভেদ থাকবে না। তিনি বলেন, সেই সময় রাজনৈতিক দলগুলো ঐকমত্যে পৌঁছাতে না পারায় রাষ্ট্রপতির পদ থেকে তাকে সরানো সম্ভব হয়নি। অন্তর্বর্তী সরকারের সময় থেকেই রাষ্ট্রপতি পরিবর্তনের দাবি জনগণের পক্ষ থেকে উঠে এসেছে। সে সময় রাষ্ট্রের স্থিতিশীলতা ও সংবিধান রক্ষার স্বার্থে রাষ্ট্রপতিকে পদে রাখা হয়েছিল। এখন নতুন সরকার দায়িত্ব নেওয়ায় রাষ্ট্রপতির পদত্যাগ সময়ের ব্যাপার মাত্র। আমরা সেই সময়ের অপেক্ষায় আছি। তিনি আরও বলেন, জুলাই হত্যাকাণ্ডের সময় রাষ্ট্রপতি রাষ্ট্রের অভিভাবকের দায়িত্ব পালন করেনি? তিনি নীরব নিষ্ক্রিয় ভূমিকা পালন করেছেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে আমরা কোটা সংস্কারের দাবি নিয়ে রাষ্ট্রপতির বাসভবন বঙ্গভবনেও গিয়েছিলাম। তার নীরব ভূমিকার কারণে এ গণহত্যা সংঘটিত হয়েছে। এ গণহত্যার দায়ে তিনিও অভিযুক্ত। এখন সময় এসেছে তার বিরুদ্ধে অভিশংসন করে তাকে সরানো এবং মামলা করে দ্রুত গ্রেফতার করা।

বিডিআর হত্যাকাণ্ডে আ.লীগের

করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, ওই যোগসূত্রের কারণেই ঘটনার প্রকৃত তদন্ত প্রতিবেদন আজও জনসমক্ষে আনা হয়নি। বুধবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানীর বনানী কবরস্থানে শহীদ সেনা কর্মকর্তাদের কবর জিয়ারত ও শ্রদ্ধা নিবেদন শেষে গণমাধ্যমকে দেওয়া এক প্রতিক্রিয়ায় তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান বলেন, বর্তমানে বিএনপি রাষ্ট্রক্ষমতায়। বিএনপি যদি বিডিআর হত্যার বিচার নিশ্চিত করতে না পারে, তবে এটি হবে তাদের চরম ব্যর্থতা। অবিলম্বে মর্মান্তিক এ হত্যাকাণ্ডের পুনঃতদন্ত এবং এর নেপথ্যে থাকা প্রধান ব্যক্তিদের বিচারের আওতায় আনার দাবি জানান তিনি। জামায়াত আমির বলেন, ২০০৯ সালে পিলখানায় বিডিআর বিদ্রোহের নামে যা ঘটেছিল, তা ছিল মূলত দেশপ্রেমিক সেনাবাহিনীকে সামরিকভাবে দুর্বল করার এক সুপরিকল্পিত ষড়যন্ত্র। ওইদিন যাদের হত্যা করা হয়েছে, তাদের আগে থেকেই পরিকল্পনা করে টার্গেট করা হয়েছিল। এটি কোনো আকস্মিক ঘটনা ছিল না। ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারি পিলখানায় তৎকালীন বিডিআর (বর্তমানে বিজিবি) সদর দপ্তরে বিদ্রোহের ঘটনায় ৫৭ জন সেনা কর্মকর্তাসহ মোট ৭৪ জন প্রাণ হারান। দীর্ঘ সময় অতিবাহিত হলেও এই ঘটনার পূর্ণাঙ্গ বিচার ও নেপথ্যের কারিগরদের ভূমিকা নিয়ে রাজনৈতিক অঙ্গনে এখনো বিতর্ক রয়ে গেছে।

পিলখানা হত্যাকাণ্ডের যথাযথ

বনানী সামরিক কবরস্থানে জাতীয় শহীদ সেনা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান শেষে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আজ আমরা রাষ্ট্রীয় মর্যাদায় সেনা শহীদ দিবস পালন করলাম। রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রী এসেছেন, শহীদ পরিবারের স্বজনরা এসেছেন। বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষায় যারা জীবন দিয়েছেন তারা চিরতরুণ, চিরভাস্বর। পিলখানা হত্যাকাণ্ড শুধু বাংলাদেশের নয়, পৃথিবীর নৃশংসতম হত্যাকাণ্ডের একটি। এই হত্যাকাণ্ডের পেছনের মূল্য উদ্দেশ্য কী ছিল, তা জানার জন্য তৎকালীন সরকার একটি তদন্ত কমিটি গঠন করলেও তার ফলাফল আজও প্রকাশিত হয়নি। অন্তর্বর্তীকালীন সরকারের সময় জাতীয় তদন্ত কমিশন গঠন করা হয়, যার রিপোর্ট আমাদের সামনে এসেছে। তবে সে রিপোর্ট বাস্তবায়নে সেই সরকার তেমন কোনো উদ্যোগ নেয়নি। তিনি বলেন, আমরা নতুন করে কোনো তদন্ত কমিশন গঠন করব না। অন্তর্বর্তীকালীন সরকার যথোপযুক্ত লোক দিয়েই তদন্ত কমিশন গঠন করেছিল। কমিশনের রিপোর্টে যে সুপারিশগুলো এসেছে, বিচারাধীন যে মামলাগুলো আছে, এই জুডিশিয়াল প্রসেসগুলো সমাপ্ত করা হবে। অন্যান্য সুপারিশগুলো ধাপে ধাপে বাস্তবায়ন করা হবে। শহীদ পরিবারদের বলতে চাই, পিলখানা হত্যাকাণ্ডের যথাযথ বিচার করা হবে, যাতে এ ধরনের ঘটনা ভবিষ্যতে আর না ঘটে। এই হত্যাকাণ্ডের মাধ্যমে সেনাবাহিনীকে দুর্বল করার একটা চেষ্টা ছিল। এ কাজটা তারাই করতে পারে, যারা দেশের স্বাধীনতা-সার্বভৌমত্বে বিশ্বাস করে না।

সীমান্ত বাহিনীকে আরও আধুনিক

সরকার দেশ পরিচালনা করছে। দেশের প্রশ্নে আমরা সীমান্ত বাহিনীকে আরও আধুনিক ও সুসংহত করব। আমাদের সদস্যরা দেশপ্রেম ও পেশাগত উৎকর্ষতায় সীমান্তে দায়িত্ব পালন করবে। বুধবার (২৫ ফেব্রুয়ারি) জাতীয় সেনা দিবস-২০২৬ উপলক্ষ্যে শহীদ সেনা অফিসারদের পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় ও ইফতার অনুষ্ঠানের তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, ২০০৯ সালের পিলখানায় শাহাদাতবরণকারী সদস্যদের পরিবারবর্গ ও নিকটাত্মীয়রা, পিলখানায় চাকরিরত সেই সব সেনা অফিসার যারা দুঃসহ স্মৃতি আজও বয়ে বেড়াচ্ছেন। তিনি বলেন, মাহে রমজানের এই পড়ন্ত বিকেলে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের, ৯০ -এর গণআন্দোলন এবং ২৪ -এর গণঅভ্যুত্থানে শাহাদাতবরণকারী সব ছাত্র-জনতাকে। গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারি পিলখানায় সংঘটিত বর্বরোচিত হত্যাকাণ্ডে শাহাদাতবরণকারী ৫৭ জন দেশপ্রেমিক সেনা কর্মকর্তাসহ ৭৪ জন বীর শহীদকে। আমি তাদের আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত শহীদ পরিবারবর্গের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। আজ ২৫ ফেব্রুয়ারি; জাতির ইতিহাসে এক রক্তাক্ত ও বেদনাবিধুর দিন মন্তব্য করে তারেক রহমান বলেন, এই দিনটি এলে প্রকৃতি যেন আবার স্মৃতি ও শোকের ভারে নীরব হয়ে যায়, বাতাসে ভেসে আসে সেই বিভীষিকাময় মুহূর্তের আর্তনাদ। আমাদের হৃদয় গভীর বেদনায় ভারাক্রান্ত হয়ে ওঠে। ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারির এই নির্মম ঘটনা আমাদের জাতীয় জীবনে এক গভীর ক্ষত সৃষ্টি করেছে, যার বেদনা সময় পেরিয়ে আজও বহমান। তিনি বলেন, ঘটনার দীর্ঘ ১৭ বছর পরে শহীদদের স্মৃতিবিজড়িত এই প্রাঙ্গণে আজ আমার কণ্ঠ ভারী হয়ে আসছে। আমি কেবল একজন জনপ্রতিনিধি হিসেবে নয়, একজন সেনা পরিবারের সদস্য হিসেবে, একজন সহযোদ্ধার সন্তানের মতো আপনাদের সামনে উপস্থিত হয়েছি। ২০০৯ সালের সেই বিভিষীকাময় ঘটনায় ৫৭ জন মেধাবী ও দেশপ্রেমিক সেনা কর্মকর্তাসহ সর্বমোট ৭৪টি প্রাণ ঝরে গিয়েছিল। প্রতিটি নাম একটি পরিবারের আলো নিভে যাওয়ার গল্প, প্রিয়জন হারানোর বেদনাবিধুর অধ্যায়, একটি সন্তানের পিতৃহীন হওয়ার ইতিহাস, একটি স্বপ্নের অসমাপ্ত মহাকাব্য। আমি দেশে প্রত্যাবর্তনের পরপরই বনানী সামরিক কবরস্থানে গিয়ে শহীদ সেনা কর্মকর্তাদের কবরের পাশে দাঁড়িয়ে উপলব্ধি করেছি গত ১৭ বছরে আপনাদের দুর্বিষহ সংগ্রাম, অপরিসীম ত্যাগ আর দ্বারে দ্বারে ঘুরে বিচার না পাওয়ার নিদারুণ যন্ত্রনা। তিনি বলেন, আমি বিশ্বাস করি, পিলখানার ঘটনাকে রাষ্ট্রীয় মর্যাদায় স্মরণ করা আমাদের জাতীয় দায়িত্ব। ২৫ ও ২৬ ফেব্রুয়ারির ঘটনাকে ইতিহাসে রাষ্ট্রীয় মর্যাদা না দিলে ভবিষ্যৎ প্রজন্ম আমাদের ক্ষমা করবে না। তাই সেনাবাহিনী ও আপনাদের সঙ্গে আলোচনা করে ২৫ ও ২৬ ফেব্রুয়ারির স্মৃতিকে অম্লান করে রাখতে বর্তমান সরকার কাজ করবে। আমাদের সীমান্তরক্ষী বাহিনীর শিকড় আমাদের স্বাধীনতার ইতিহাসে প্রোথিত উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ১৯৭১ সালের যেদিন চট্টগ্রামের কালুরঘাট বেতারকেন্দ্র থেকে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন, সেদিন সেনাবাহিনীর সঙ্গে তদানীন্তন ইপিআরের সদস্যরা বেতারকেন্দ্রে দায়িত্বে নিয়োজিত থেকে গৌরবময় ইতিহাসের সাক্ষী হয়েছে এবং মহান মুক্তিযুদ্ধের সূচনালগ্ন থেকে সেনাবাহিনীর সঙ্গে অবিস্মরণীয় অবদান রেখে চলেছে। পরবর্তীকালে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সীমান্তরক্ষী বাহিনীকে সুসংহত করতে বিশেষ গুরুত্বারোপ করে অবকাঠামোগত উন্নয়ন ও প্রয়োজনীয় সংস্কার কাজ শুরু করেন। সেনাবাহিনী থেকে যোগ্য ও মেধাবী অফিসারদের প্রেষণে প্রেরণের সংখ্যা বৃদ্ধি করা হয়। ১৯৭৮ সালে এই বাহিনীর ইতিহাসে সবচেয়ে বড় ঘটনা হলো সামরিক কায়দায় নতুন করে পুনর্গঠিত হওয়া। পূর্বের উইংসমূহকে পরিবর্তন করে ব্যাটালিয়নে রূপান্তর করা হয়। দুটি নতুন ব্যাটালিয়ন সংযোজন করে বাহিনীর সংগঠনকে পরিবর্ধিত করা হয়। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ও স্বাধীনতা পরবর্তী দেশ গঠনে সেনাবাহিনীর রয়েছে গৌরবোজ্জল ইতিহাস এমন মন্তব্য করে প্রধানমন্ত্রী আরও বলেন, সেনাবাহিনী আমাদের সার্বভৌমত্বের প্রতীক। আমি মনে করি, পিলখানার এই মর্মান্তিক ঘটনা ছিল আমাদের সার্বভৌমত্বকে নস্যাতের একটি অপপ্রয়াস। পিলখানার ঘটনার পরিক্রমায় আমাদের জাতীয় নিরাপত্তা কাঠামোর দুর্বলতা ফুটে ওঠে। তাই বহির্বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে আমাদের জাতীয় নিরাপত্তা কাঠামোকে আরও আধুনিক, সময়োপযোগী ও শক্তিশালী করা প্রয়োজন। এ লক্ষ্যে আমাদের সরকার কাজ করবে। একই সঙ্গে শহীদ পরিবারের সদস্যদের কল্যাণে তাদের সন্তানদের শিক্ষা, চিকিৎসা ও পুনর্বাসনের জন্য দীর্ঘমেয়াদি সুরক্ষা ব্যবস্থা গড়ে তোলার প্রতিশ্রুতিও আমরা পুনর্ব্যক্ত করছি। মাহে রমজান আমাদের সংযম ও আত্মশুদ্ধির শিক্ষা দেয় উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, মহান আল্লাহর দরবারে প্রার্থনা করি, তিনি যেন শহীদদের আত্মাকে শান্তিতে রাখেন, তাদের পরিবারকে ধৈর্য্য ও শক্তি দান করেন এবং আমাদের রাষ্ট্র ও প্রতিষ্ঠানসমূহকে ন্যায়, শৃঙ্খলা ও দায়িত্ববোধের পথে পরিচালিত করেন।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর

১৯৭২ (রাষ্ট্রপতির আদেশ নম্বর ১২৭, ১৯৭২)এর ১০(৫) অনুচ্ছেদ অনুযায়ী মো. মোস্তাকুর রহমান এফসিএমএকে অন্যান্য সব প্রতিষ্ঠান ও সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে তার যোগদানের তারিখ থেকে চার (৪) বছরের জন্য গভর্নর পদে নিয়োগ দেওয়া হয়েছে। এতে আরও উল্লেখ করা হয়, গভর্নর পদে দায়িত্ব পালনকালে সরকারের সঙ্গে সম্পাদিত চুক্তির শর্ত অনুযায়ী তিনি বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা বাংলাদেশ ব্যাংক থেকে নেবেন। নিয়োগসংক্রান্ত অন্যান্য বিষয় চুক্তিপত্রের মাধ্যমে নির্ধারিত হবে। জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। মোস্তাকুর রহমান ১৯৬৬ সালের ১২ মে জন্মগ্রহণ করেন। তিনি একজন কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট (সিএমএ), পেশাগত জীবনে ৩৩ বছরেরও বেশি অভিজ্ঞতা অর্জন করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগ থেকে বিকম (অনার্স) ও মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করেন। দীর্ঘ কর্মজীবনে তিনি দেশের শীর্ষ শিল্প ও ব্যবসায়িক সংগঠনের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি তৈরি পোশাক মালিকদের সংগঠন বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব), অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব) এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ কমিটিতে ভূমিকা রেখেছেন। নিয়ন্ত্রক সংস্থার সঙ্গে কাজের ক্ষেত্রেও তার অভিজ্ঞতা রয়েছে। তিনি বাংলাদেশ ব্যাংক এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের মতো প্রতিষ্ঠানের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেন। আর্থিক তদারকি, নিয়ন্ত্রক অনুবর্তিতা, ব্যাংকিং খাতের সম্পৃক্ততা এবং মূলধন ব্যবস্থাপনায় তার দক্ষতা বিশেষভাবে উল্লেখযোগ্য। একজন উদ্যোক্তা ও ব্যবসায়ী হিসেবে মোস্তাকুর রহমান উৎপাদনশিল্প, রিয়েল এস্টেট, কৃষিভিত্তিক উদ্যোগসহ একাধিক খাতে নেতৃত্ব দিয়েছেন। করপোরেট ফিন্যান্স, রপ্তানি অর্থনীতি, প্রাতিষ্ঠানিক সুশাসন এবং আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে তার ৩০ বছরের বেশি নেতৃত্ব অভিজ্ঞতা রয়েছে। শিল্প ও বাণিজ্য সংগঠনে তার বিভিন্ন ভূমিকায় তিনি আর্থিক স্থিতিশীলতা, শিল্পায়ন অর্থায়ন এবং অর্থনৈতিক টেকসই উন্নয়ন নিয়ে কাঠামোবদ্ধ সংলাপে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। স্বচ্ছতা, জবাবদিহিতা ও নৈতিকতার প্রতি অঙ্গীকার এবং প্রযুক্তিগত দক্ষতার সমন্বয়ে তিনি করপোরেট ও আর্থিক খাতে একজন অভিজ্ঞ পেশাজীবী হিসেবে পরিচিত।

বরিশাল বোর্ডে জুনিয়র বৃত্তি

সংখ্যা- ঢাকা শিক্ষা বোর্ডে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ৩ হাজার ৬৩৫ এবং সাধারণ বৃত্তি পেয়েছে ৭ হাজার ৭৯০ জন। ময়মনসিংহ বোর্ডে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ৯৬৭ ও সাধারণ ক্যাটাগরিতে ২,০৭৩ জন বৃত্তি পেয়েছে। রাজশাহী বোর্ডে ট্যালেন্টপুলে ১ হাজার ৯২৬ জন এবং সাধারণ ৪ হাজার ১২৮ জন; কুমিল্লায় ট্যালেন্টপুলে ১ হাজার ৬৭৭ জন এবং সাধারণ ৩ হাজার ৫৯৩ জন; সিলেটে ট্যালেন্টপুলে ৯৪৮ এবং সাধারণ বৃত্তি ২ হাজার ৩০ জন, বরিশালে ট্যালেন্টপুলে ৮৭৩ জন এবং সাধারণ বৃত্তি পেয়েছে ১ হাজার ৮৭১ জন। এছাড়া যশোরে ট্যালেন্টপুলে ১ হাজার ৬৬২ এবং সাধারণ বৃত্তি পেয়েছে ৩ হাজার ৫৬১ জন; চট্টগ্রামে ট্যালেন্টপুলে ১ হাজার ২১০ জন এবং সাধারণ বৃত্তি ২ হাজার ৫৯৩ জন; দিনাজপুরে ট্যালেন্টপুলে ১ হাজার ৮০২ জন এবং সাধারণ বৃত্তি পেয়েছে ৩ হাজার ৮৬১ জন। ফল দেখা যাবে যেভাবে অনলাইন পদ্ধতি: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে গিয়ে 'Scholarship Result' অপশনে রোল নম্বর ও সাল (২০২৬) দিলেই ফল দেখা যাবে। এসএমএস পদ্ধতি: মোবাইলের মেসেজ অপশনে গিয়ে বোর্ডের নাম, রোল নম্বর এবং সাল টাইপ করে ১৬২২২ নম্বরে পাঠিয়ে দিলেই ফিরতি মেসেজে রেজাল্ট জানা যাবে। কারা কত টাকা পাবে- ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা মাসিক ৪৫০ টাকা এবং সাধারণ বৃত্তিপ্রাপ্তরা মাসে ৩০০ টাকা করে পাবে। এ বৃত্তির টাকা দুই বছর (নবম-দশম) পর্যন্ত দেওয়া হবে। এছাড়া তাদের বছরে এককালীন অর্থও দেওয়া হবে। গত বছরের ২৮ থেকে ৩০ ডিসেম্বর ও চলতি বছরের ৬ জানুয়ারি পরীক্ষাগুলো নেওয়া হয়। দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ৬১১টি কেন্দ্রে এ পরীক্ষা নেওয়া হয়।

ভান্ডারিয়ায় বিদেশি পিস্তল

ডিবি পুলিশ তাকে গ্রেপ্তার করে। পরে তার দেওয়া তথ্য মতে তার বসতঘরের নিজ শয়নকক্ষের খাটের তোশকের নিচ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগাজিন ও পাঁচ রাউন্ড গুলি উদ্ধার করা হয়। এ বিষয়ে পিরোজপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) মো. জিয়াউর রহমান বলেন, গত রাতে ডিবি পুলিশ অভিযান চালিয়ে বিদেশি অস্ত্রসহ মো. আলীম খান নামে একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

সৌদিতে গৃহকর্মী, বরিশালের

করেন, সৌদি আরবে যাওয়ার পর তিনি চারবার হাতবদল হন। শারীরিক, মানসিক ও যৌন নির্যাতনের শিকার হন। ভাষাগত সমস্যার কারণে কারও সঙ্গে যোগাযোগও করতে পারেননি। দিনরাত কাজ করলেও সারা দিনে খাবার হিসেবে পেতেন ছোট একটি রুটি। ক্ষুধার জ্বালায় ডাস্টবিন থেকেও খাবার কুড়িয়ে খেয়েছেন। ঘুমাতেও দেওয়া হতো না। একপর্যায়ে মোবাইল অ্যাপের মাধ্যমে জানতে পারেন, তাঁকে ১০ হাজার রিয়ালে 'কিনে নেওয়া' হয়েছে এবং তিন মাসের বেতন আগেই পরিশোধ করা হয়েছে। অথচ সেই অর্থের কিছুই তিনি পাননি। অথচ যাওয়ার খরচ জুগিয়েছিলেন নিজের জমানো টাকায়। ওই নারী জানান, নির্যাতন সহ্য করতে না পেরে একদিন পালিয়ে চলে যান মদিনায়। সেখানে খণ্ডকালীন কাজ করে টিকে থাকার চেষ্টা করেন। পরে লোকজনের পরামর্শে মক্কায় গিয়ে পুলিশের কাছে আত্মসমর্পণ করেন। কিন্তু সেখানেও স্বস্তি মেলেনি। পুলিশ তাঁকে চুরির মামলায় অভিযুক্ত করে মারধর ও অমানবিক আচরণ করে। পুলিশি হেফাজতে থাকা অবস্থায় জানতে পারেন, তিনি অন্তঃসত্ত্বা। অবশেষে অসুস্থ অবস্থায় তাঁকে দেশে পাঠানো হয়। বিমানবন্দরে এপিবিএন তাঁকে ব্র্যাকের কাছে হস্তান্তর করে। বর্তমানে তিনি ছয় মাসের অন্তঃসত্ত্বা এবং ভবিষ্যৎ নিয়ে চরম অনিশ্চয়তায় রয়েছেন। ব্র্যাকের অভিবাসন কর্মসূচির সহকারী পরিচালক শরীফুল ইসলাম হাসান বলেন, ওই নারী একাধিকবার নির্যাতনের শিকার হয়েছেন বলে জানিয়েছেন। নিয়োগকর্তার কাছে বিচার চাইলে তাঁকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশি হেফাজতে থাকার সময় জানতে পারেন, তিনি অন্তঃসত্ত্বা। বিদেশে নির্যাতনের শিকার নারীদের দেশে ফেরানোর আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনো অভিযোগের যথাযথ তদন্ত ও অপরাধীদের জবাবদিহি নিশ্চিত করছে না। মানবাধিকারকর্মীরা বলছেন, বিদেশগামী নারী কর্মীদের নিরাপত্তা, দালাল চক্রের দৌরাত্ম্য বন্ধ এবং নির্যাতনের ঘটনায় দ্রুত বিচার নিশ্চিত করতে কার্যকর উদ্যোগ জরুরি। একই সঙ্গে দেশে ফিরে আসা ভুক্তভোগীদের পুনর্বাসন এবং আইনি সহায়তা জোরদার করতে হবে।

বিটিভিকে জনগণের প্রচারমাধ্যমে

মন্ত্রণালয়ের কাজের পরিকল্পনা এবং অগ্রগতি নিয়ে আজকে মতবিনিময় করেছি। প্রধানমন্ত্রী দীর্ঘক্ষণ সময় নিয়ে আমাদের কথা শুনেছেন। বিশেষ করে বিটিভি এবং বাংলাদেশ বেতারকে কীভাবে আমরা জনগণের কাজে লাগাতে পারি সে বিষয়ে তিনি দীর্ঘক্ষণ কথা বলেছেন। বাংলাদেশের তরুণ প্রজন্মের জন্য মূল্যবোধ গড়ার কাজে আমাদের সরকারের অধীনস্থ সব প্রচার মাধ্যমকে কীভাবে কাজে লাগাতে পারি এবং একই সঙ্গে সোশ্যাল মিডিয়াকে কীভাবে কাজে লাগাতে পারি, সে বিষয়ে পরিকল্পনা সাজানোর দিকনির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী।' মন্ত্রণালয়ের পক্ষ থেকে কোনো পরিকল্পনা উপস্থাপন করা হয়েছিল কিনা জানতে চাইলে জহির উদ্দিন স্বপন বলেন, 'একটা তথ্যপ্রযুক্তি নির্ভর কমিউনিকেশন সিস্টেমের মধ্যে সারা পৃথিবী এখন প্রবেশ করেছে। আমরা সেই আলোকে বিটিভিকে জনগণের প্রচার মাধ্যমে রূপান্তরিত করতে চাই। বিমূর্তভাবে এই পর্যন্ত আমাদের লক্ষ্য। এটাকে কীভাবে মূর্তমান করব সে বিষয়ে আমরা হোমওয়ার্ক করব।'

এবারও জনপ্রতি সর্বনিম্ন

১৪৪৭ হিজরি সনের ফিতরার এ হার নির্ধারণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন সাদাকাতুল ফিতর নির্ধারণ কমিটির সভাপতি ও বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব মুফতি মাওলানা আবদুল মালেক। এতে ফিতরা নির্ধারণ কমিটির সদস্য ও বিশিষ্ট আলেমরা উপস্থিত ছিলেন। বৈঠক শেষে কমিটির সভাপতি সাংবাদিকদের ফিতরার হার জানান। সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয় যে, ইসলামী শরীয়াহ মতে মুসলমানরা সামর্থ্য অনুযায়ী গম, আটা, যব, খেজুর, কিসমিস ও পনির- যে কোনো একটি পণ্যের নির্দিষ্ট পরিমাণ বা এর বাজার মূল্য ফিতরা হিসেবে গরিবদের মধ্যে বিতরণ করতে পারবেন। গম ও আটার ক্ষেত্রে এর পরিমাণ এক কেজি ৬৫০ গ্রাম (অর্ধ সা')। খেজুর, কিসমিস, পনির ও যবের ক্ষেত্রে ৩ কেজি ৩০০ গ্রামের (এক সা') মাধ্যমে সাদকাতুল ফিতর (ফিতরা) আদায় করতে হয়। এসব পণ্যের বাজার মূল্য হিসাব করে সর্বোচ্চ ও সর্বনিম্ন ফিতরা নির্ধারণ করা হয়। মুফতি মাওলানা আবদুল মালেক জানান, উন্নতমানের আটা বা গমের ক্ষেত্রে ফিতরা এক কেজি ৬৫০ গ্রাম (অর্ধ সা') বা এর বাজার মূল্য ১১০ টাকা (প্রতি কেজি ৬৫ টাকা ধরে)। যবের ক্ষেত্রে (এক সা') ৩ কেজি ৩০০ গ্রাম বা এর বাজার মূল্য ৫৯৫ টাকা ফিতরা দিতে হবে (প্রতি কেজি ১৮০ টাকা ধরে)। এছাড়া প্রতি কেজি ৮০০ টাকা ধরে ৩ কেজি ৩০০ গ্রাম কিসমিস বা এর বাজার মূল্য ২ হাজার ৬৪০ টাকা দিয়ে ফিতরা আদায় করা যাবে। খেজুরের ক্ষেত্রে ৩ কেজি ৩০০ গ্রাম বা এর বাজার মূল্য ২ হাজার ৪৭৫ টাকা (প্রতি কেজি ৭৫০০ টাকা ধরে) ও পনিরের ক্ষেত্রে ৩ কেজি ৩০০ গ্রাম বা এর বাজার মূল্য ২ হাজার ৮০৫ টাকা (প্রতি কেজি ৮৫০ টাকা ধরে) দিয়ে ফিতরা আদায় করতে হবে বলে জানান কমিটির সভাপতি। ফিতরার পণ্যের স্থানীয় খুচরা বাজার মূল্যের তারতম্য রয়েছে। সে অনুযায়ী স্থানীয় মূল্য পরিশোধ করলেও ফিতরা আদায় হবে বলেও জানান আবদুল মালেক। আব্দুল মালেকের পক্ষে বক্তব্য পাঠ করেন ইসলামিক ফাউন্ডেশনের দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক মোহাম্মদ হারুনূর রশীদ। কোনো ব্যক্তি (ঈদের দিন সুবহে সাদিকের সময়) নেছাব পরিমাণ (সাড়ে ৭ তোলা স্বর্ণ বা সাড়ে ৫২ তোলা রুপার সমপরিমাণ) মালের মালিক হলে ঈদের দিন সকালে তার ওপর নিজের, নাবালক সন্তানসহ নির্ভরশীলদের সাদকাতুল ফিতর আদায় করা ওয়াজিব হয়। ঈদের নামাজে যাওয়ার আগে ফিতরা আদায় করতে হয়। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২০ বা ২১ মার্চ মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদযাপিত হবে।

ছাত্রদল নেতাসহ ২৩ শিক্ষার্থীর নামে

মামলাটি অন্তর্বর্তীকালীন সময়ে করা হয়েছে। একটি নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের প্রতি বিচারহীনতা নিয়ে উদাসীন মনোভাব দেশ ও জনগণের নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। আমি বলতে চাই, যদি নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ এখনো দেশকে অস্থিতিশীল করার উদ্দেশ্যে এ ধরনের মামলা করার সাহস পায়, তবে তা বিচার বিভাগকে জনগণের রায়ের মুখোমুখি দাঁড় করিয়ে দেয়।

বিএনপি নেতা আইনজীবী সমিতির

পড়ে। এর আগে মঙ্গলবার দুপুরে আদালতের মধ্যে ওই হট্টগোলের ঘটনা ঘটে। সিটিটিভি ক্যামেরায় ধারণ করা এই ঘটনার ভিডিওটি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে তারিখ ও সময় উল্লেখ রয়েছে। সে অনুযায়ী মঙ্গলবার বেলা ২টা ৩৯ মিনিট ৪৫ সেকেন্ডের দিকে ঘটনার শুরু। এর আগে দুপুরে আওয়ামী লীগ নেতাদের জামিন মঞ্জুর করার প্রতিবাদে চিফ মেট্রোপলিটন আদালত ও অতিরিক্ত চিফ মেট্রোপলিটন আদালতের কার্যক্রম বর্জন করেন বিএনপিপন্থী আইনজীবীরা। তারা চিফ মেট্রোপলিটন আদালতের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন। ১ মিনিট ৪১ সেকেন্ডের ভিডিওটিতে দেখা যায়, অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এস এম শরীয়তউল্লাহ একটি মামলার শুনানি করছিলেন। কোর্ট রেজিস্ট্রার (জিআরও) ও কোর্ট পুলিশের তিনজন কনস্টেবল উপস্থিত ছিলেন। শুনানি চলা মামলাটির দুজন আইনজীবী আদালতে কথা বলছিলেন। এর মধ্যে আদালত কক্ষের দরজা খুলে চিৎকার করতে করতে একজন আইনজীবী এজলাসে প্রবেশ করেন। তার পেছনে আরও কয়েকজন আইনজীবী আদালত কক্ষে প্রবেশ করেন। তারা এজলাসে বসার বেঞ্চগুলো হাত-পা দিয়ে ধাক্কা দিতে থাকেন। একজন আইনজীবী বিচারকের সামনে গিয়ে চিৎকার করে আঙুল তুলে কথা বলেন। তিনি বিচারকের সামনে থাকা একটি বেঞ্চে আঘাত করেন এবং বিচারককে উদ্দেশ্য করে আরও কিছু বলতে থাকেন। পরে তারা এজলাস কক্ষ ত্যাগ করেন। এজলাস কক্ষে প্রথম প্রবেশ করা আইনজীবী হলেন বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকন। এজলাসে হট্টগোলের আগে বরিশাল চিফ মেট্রোপলিটন আদালত ও অতিরিক্ত চিফ মেট্রোপলিটন আদালতের কার্যক্রম বর্জন করেন বিএনপিপন্থী আইনজীবীরা। এ সময় তারা চিফ মেট্রোপলিটন আদালতের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন। এ কর্মসূচিতে আইনজীবীরা বিচারক অতিরিক্ত মহানগর ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহকে অপসারণ এবং জামিন বাতিলের দাবিতে অনির্দিষ্টকাল মহানগরের সব আদালত বর্জন করার ঘোষণা দেন। প্রসঙ্গত, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বরিশাল জেলা শাখার সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য তালুকদার মোহাম্মদ ইউনুস সোমবার আদালতে আত্মসমর্পণের পর জামিন পান। বরিশালের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এস এম শরীয়তউল্লাহ তার জামিন আবেদন মঞ্জুর করেন। এর আগে ১৭ ফেব্রুয়ারি বরিশাল-৫ (সদর) আসনের সাবেক সংসদ সদস্য জেবুন্নেছা আফরোজসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের তিন নেতা জামিনে মুক্তি পান। জামিনপ্রাপ্ত অন্য দুজন হলেন, বরিশাল মহানগর ছাত্রলীগের সাবেক সভাপতি ও বরিশাল সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জসিম উদ্দিন এবং বরিশাল মহানগর যুবলীগের যুগ্ম আহ্বায়ক মাহমুদুল হক খান।

বরিশালের ৯ আইনজীবীর বিরুদ্ধে

জেনারেল শফিকুর রহমান। রুল জারি হওয়া বরিশাল জেলা আইনজীবী সমিতির ৯ সদস্য হলেন- সাদিকুর রহমান লিংকন, মীর্জা রিয়াজুল ইসলাম, আবুল কালাম আজাদ, নাজিমুদ্দিন পান্না, মহসিন মন্টু, মিজানুর রহমান, আব্দুল মালেক, সাঈদ ও হাফিজ উদ্দিন বাবলু। তাদের আগামী ১০ দিনের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। এর আগে বরিশালের চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের এজলাসে ভাঙচুর এবং বিচারকের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের ঘটনায় জেলা আইনজীবী সমিতির ১২ সদস্যের বিরুদ্ধে মামলা করা হয়। মামলায় অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের এজলাস ভাঙচুর, সরকারি নথি ও মালামাল বিনষ্ট করা, বিচারককে ভয়ভীতি প্রদর্শন, শক্তির মহড়া ও দাপট প্রদর্শন, ত্রাস সৃষ্টি, অরাজক পরিস্থিতি সৃষ্টি করে বিচার প্রার্থীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে বিচার কাজে বাধা এবং এজলাস থেকে নেমে যেতে বাধ্য করা, সরকারি কর্মচারীদের মারধর করার অভিযোগ আনা হয়। পরে সাদিকুর রহমান লিংকনকে আজ গ্রেপ্তার করে পুলিশ।

বরিশাল আইজীবী সমিতির সভাপতি জেলে

করেন। এতে ভীতিকর পরিবেশের সৃষ্টি হয়। এছাড়া আসামিরা এজলাসে থাকা বসার বেঞ্চ ধাক্কা দিয়ে ফেলে দেন এবং ডায়াসে থাকা মাইক্রোফোন ভাঙচুর করে এজলাসে থাকা কাগজপত্রসহ মামলা দায়ের রেজিষ্টার ছিড়ে নষ্ট করে আদালত এলাকায় ত্রাসের সৃষ্টি করে। এছাড়া এজলাসে থাকা টেবিল ভেঙে ফেলেন। একইসাথে বসার টুল উপড়ে ফেলে এবং উপস্থিত আইনজীবী ও বিচার প্রার্থীদের কোর্ট থেকে বের করে দিয়ে বিচারককে জোরপূর্বক এজলাস থেকে নেমে যেতে বাধ্য করেন। মামলার আসামি পক্ষের আইনজীবী অ্যাডভোকেট মো. মোখলেচুর রহমান বাচ্চু বলেন, সরকারি কাজে বাঁধা ও দ্রুত বিচার আইনে দায়ের করা মামলায় জেলা আইজীবী সমিতির সভাপতি সাদিকুর রাহমান লিংকনকে গ্রেপ্তার করা হয়। আমরা জামিন শুনানীর জন্য আদালতে গেলে আদালত আগামী ২ মার্চ পরবর্তী শুনানীর তারিখ ধার্য করেন। বরিশাল মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার অলক কান্তি শর্মা বলেন, আদালত ভাঙচুর ও বিচারককে হুমকির মতো একটি ঘটনায় বরিশালের কোতয়ালি মডেল থানায় দ্রত বিচার আইনে মামলা দায়ের করা হয়েছে। মামলার প্রধান আসামি জেলা আইজীবী সমিতির সভাপতি সাদিকুর রাহমান লিংকনকে গ্রেপ্তারের পর আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরন করা হয়েছে। অন্যান্য আসামিদের গ্রেপ্তারের জন্য আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান চলছে। এর আগে জেলা আইনজীবী সমিতিরি সভাপতিকে গ্রেপ্তারের পর দিনভর অন্যান্য আইনজীবীরা আদালত চত্বরে বিক্ষোভ করেন। পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে গোটা আদালতপাড়ায় বিপুল পরিমান সেনাসদস্য, র‌্যাব-৮ এর সদস্যসহ পুলিশ সদস্যদের মোতায়েন করা হয়েছিলো। অপরদিকে বরিশালের অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, আদালতের এজলাস কক্ষ ভাঙচুর ও বিচারককে হুমকির ঘটনার কয়েকটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পরলে মুহুর্তের মধ্যে তা ভাইরাল হয়। এ ঘটনার সাথে জড়িত কতিপয় আইনজীবীদের বিরুদ্ধে সর্বত্র নিন্দার ঝড় ওঠে। পরবর্তীতে বুধবার এ ঘটনায় গ্রেপ্তারকৃত জেলা আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকনের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছেন হাইকোর্ট। উল্লেখ্য, বরিশাল জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি, কার্যক্রম নিষিদ্ধ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক সাংসদ অ্যাডভোকেট তালুকদার মো. ইউনুসের বিরুদ্ধে সাত বছর পূর্বের একটি মারামারির ঘটনায় মামলা দায়ের করা হয়। ওই মামলায় গত মঙ্গলবার আদালতে হাজির হয়ে জামিন প্রার্থনার পর বিচারক তার জামিন মঞ্জুর করেন। এতে ক্ষিপ্ত হয়ে জেলা আইনজীবী সমিতির নেতৃবৃন্দরা আদালতের সকল কার্যক্রম বন্ধ রাখার ঘোষণা দেন। পরে দুপুরে আদালতের কার্যক্রম শুরু হলে আইনজীবীরা এজলাসে এসে হট্টগোলের ঘটনা ঘটায়।

রমজানের শিক্ষা: জিহ্বার

রমজান আমাদের শেখায় মিথ্যা, গীবত বা পরনিন্দা এবং অশ্লীল কথাবার্তা থেকে দূরে থাকতে। বিশেষ করে গীবত বা পরচর্চা রোজার আধ্যাত্মিক সৌন্দর্যকে পুরোপুরি নষ্ট করে দেয়। পবিত্র কুরআনের সূরা হুজুরাতের ১২ নম্বর আয়াতে আল্লাহ তাআলা পরনিন্দার ভয়াবহতা সম্পর্কে সতর্ক করে বলেছেন, তোমাদের কেউ যেন কারো গীবত না করে। তোমাদের কেউ কি তার মৃত ভাইয়ের গোশত খেতে পছন্দ করবে? তোমরা তো তা অপছন্দই করো। রাসুলুল্লাহ (সা.) এই বিষয়ে আরও কঠোর হুঁশিয়ারি দিয়ে ইরশাদ করেছেন, যে ব্যক্তি রোজা রেখেও মিথ্যা কথা ও অন্যায় কাজ ত্যাগ করল না, তার কেবল পানাহার বর্জনে আল্লাহর কোনো প্রয়োজন নেই (সহিহ বুখারি)। সিয়ামের এই দিনগুলোতে আমাদের দৃঢ় শপথ নেওয়া উচিত যে, আমাদের জিহ্বা যেন কারো সম্মানহানি বা মনে কষ্ট দেওয়ার কারণ না হয়। অহেতুক তর্কে লিপ্ত না হয়ে বরং নীরবতা পালন এবং আল্লাহর জিকিরের মাধ্যমে জিহ্বাকে সজীব রাখাই মুমিনের প্রকৃত পাথেয়। যদি আমরা এই এক মাস পরনিন্দা থেকে বেঁচে থাকার অভ্যাস গড়তে পারি, তবেই আমাদের সিয়াম সাধনা সার্থকতা পাবে এবং সমাজ থেকে পারস্পরিক কলহ ও ঘৃণা দূর হবে।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

১৫ মার্চের মধ্যে প্রার্থীদের নির্বাচনি ব্যয়ের হিসাব দিতে ইসির নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা সব প্রার্থীকে আগামী ১৫ মার্চের মধ্যে নির্বাচনি ব্যয়ের হিসাব জমা দিতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। বুধবার (২৫ ফেব্রুয়ারি) ইসির সিনিয়র সহকারী সচিব এএসএম ইকবাল হাসান স্বাক্ষরিত এ সংক্রান্ত চিঠি সব রিটার্নিং কর্মকর্তার কাছে পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়েছে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৪৪(গ) অনুচ্ছেদ অনুসারে নির্বাচিত প্রার্থীগণের নামের গেজেট প্রকাশের ৩০ দিনের মধ্যে নির্বাচনের সব প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে রিটার্নিং কর্মকর্তার কাছে ব্যয়ের রিটার্ন দাখিলের বিধান রয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত প্রার্থীগণের নাম, ঠিকানা সম্বলিত গেজেট ১৩ ফেব্রুয়ারি প্রকাশিত হয়েছে। চিঠিতে আরও বলা হয়েছে, প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কর্তৃক ব্যয় বিবরণী দাখিল নিশ্চিতকরণে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জারিকৃত পরিপত্র-১৮ অনুসারে কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া নির্ধারিত সময়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে দাখিলকৃত প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের স্ব-স্ব নির্বাচনি ব্যয়ের রিটার্নের তথ্য আগামী ২৫ মার্চের মধ্যে ইসিতে পাঠাতে হবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নবনির্বাচিত সংসদ সদস্যদের গেজেট ১৩ ফেব্রুয়ারি প্রকাশ করে নির্বাচন কমিশন। সেই হিসেবে আগামী ১৫ মার্চ গেজেট প্রকাশের ৩০ দিন পূর্ণ হবে। আর ওই দিনেই নির্বাচনের প্রতিদ্বন্দ্বী সব প্রার্থীকে নির্বাচনি ব্যয়ের হিসাব দিতে হবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন ২ হাজারের বেশি প্রার্থী।

বেঙ্গালুরুতে বাংলাদেশি

তা এখনও স্পষ্ট নয়। জানা গেছে, ১৮ জনের মধ্যে শিশু বাদে বাকিরা বেঙ্গালুরুতে পরিযায়ী শ্রমিক হিসাবে কাজ করতেন। দীর্ঘ দিন সেখানে থাকতেন। তবে সম্প্রতি তাদের গতিবিধি নিয়ে সন্দেহের উদ্রেক হওয়ায় তাদের আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করে পুলিশ। এক পর্যায়ে পুলিশ তাদের নাগরিকত্ব বিষয়ক বৈধ নথিপত্র দেখতে চাইলে, তারা তা প্রদর্শনে ব্যর্থ হন। হাওড়া স্টেশনে আনার পর এই ১৮ জনকে কোথায় নিয়ে যাওয়া হবে, তা স্পষ্ট কিছু জানা যায়নি। এ ব্যাপারে পুলিশ কর্মকর্তাদের জিজ্ঞাসা করা হলেও, তারা কোনও উত্তর দিতে রাজি হননি।

বানারীপাড়ায় এক বিএনপি নেতা

মেহেদী হাসান মিরাজকে প্রাথমিক সদস্য পদসহ বিএনপির সকল পদ থেকে বহিস্কার ও শাহাদাত হোসেন মেননের প্রাথমিক সদস্য পদসহ দলীয় সকল পদ স্থগিত করা হয়। এছাড়াও বহিস্কারাদেশ পত্রে বহিস্কৃত মিরাজের কোন অপকর্মের দায়ভার বিএনপি নেবে না এবং দলের নেতা-কর্মীদের তার সঙ্গে কোন সাংগঠনিক সম্পর্ক না রাখতে নির্দেশ দেওয়া হয়। এদিকে দুই বিএনপি নেতার বহিস্কার ও স্থগিতাদেশের এ পৃথক দুটি পত্র বুধবার সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

প্রাথমিকের স্থগিত বৃত্তি পরীক্ষা হবে

খুব শিগগির ওই পরীক্ষা গ্রহণে উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি। তাতে কিন্ডারগার্টেনের শিক্ষার্থীদেরও অংশগ্রহণের সুযোগ রাখা হবে। বুধবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে জুনিয়র বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, গত বছর যে পরীক্ষাটি নেওয়া সম্ভব হয়নি, সেটি এ বছর নিয়ে নেওয়া হবে। শিক্ষার্থীরা প্রস্তুতি নিয়েছে, তাদের বঞ্চিত করা যাবে না। এহছানুল হক মিলন বলেন, প্রাথমিক বৃত্তি পরীক্ষায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সঙ্গে অন্তর্ভুক্ত হবে কিন্ডারগার্টেন স্কুলগুলোও। মোট অংশ নেওয়া শিক্ষার্থীদের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের থাকবে ৮০ শতাংশ এবং কিন্ডারগার্টেনের জন্য ২০ শতাংশ। এদিকে, আগামী বছর থেকে জুনিয়র বৃত্তির সংখ্যা বাড়ানোর চিন্তা করছে সরকার। এ প্রসঙ্গে মন্ত্রী বলেন, বৃত্তির সংখ্যা বাড়ানোর বিষয়টি আমরা ভেবে দেখবো। আমরা মাত্র দায়িত্ব গ্রহণ করেছি। ভেবেচিন্তে এবং সবার সহযোগিতায় এটা করা হবে।

অচেতন করে কোলের শিশু

শিশুর সন্ধান পাওয়ার বিষয়টি বিষয়টি নিশ্চিত করেন ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি, তদন্ত) মো. জিয়াউদ্দিন। গৃহবধু সুমাইয়া বেগম ওই এলাকার বাসিন্দা আব্দুর রবের স্ত্রী, তাদের দুই মেয়ে ও এক ছেলে সন্তান রয়েছে। উদ্ধার হওয়া শিশুটি এ দম্পতির কনিষ্ঠ কন্যা। স্বজনদের বরাতে পুলিশ জানায়, বুধবার সকালে শিশুটির মা বাড়ি ফিরে স্বজনদের কাছে অভিযোগ করে জানান, তিনি তার তিন মাস বয়সী মেয়ে জিহনিকে কোলে নিয়ে মালেরহাট এলাকায় চিকিৎসকের কাছে যাচ্ছিলেন। পথে মালেরহাট ব্রিজ এলাকায় দুইজন অজ্ঞাত নারী কৌশলে তার সঙ্গে কথা বলেন। একপর্যায়ে তারা সুমাইয়ার হাতে ২০০ টাকার একটি নোট দেন, তিনি নোটটি হাতে নেওয়ার পরপরই অজ্ঞান হয়ে পড়েন। শিশুটিকে নিয়ে পালিয়ে যায় ওই দুই অজ্ঞাত নারী। পরে দুপুরে তাকে চিকিৎসার জন্য ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করান স্বজনরা, পরে তাকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ। ওসি মো. জিয়াউদ্দিন বলেন, খবর পাওয়ার পরপরই শিশুটিকে উদ্ধারে আমাদের একাধিক টিম কাজ শুরু করে। শিশুটি বর্তমানে মা সুমাইয়া বেগমের খালা আমেনার কাছে রয়েছে ভোলা থেকে ছেড়ে যাওয়া একটি ঢাকাগামী লঞ্চে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে শিশুর মা সুমাইয়া জানিয়েছেন, তার খালাতো বোন নিঃসন্তান হওয়ায় তিনি তার বাচ্চাটি খালাকে দিয়েছেন। তিনি আরও বলেন, শিশুটিকে উদ্ধার করে আনতে আমাদের একটি টিম গেছে, হয়তো কাল (বৃহস্পতিবার) সকাল নাগাদ তারা ফিরবে। পুরো ঘটনাটি নিয়ে অধিকতর তদন্ত চলছে। সুমাইয়ার খালা আমেনাকেও জিজ্ঞাসাবাদ করা হবে। এ ছাড়া, শিশুটির মায়ের অজ্ঞানের বিষয়টি সম্পূর্ণ তার নিজের সাজানো বলেও জানান পুলিশের এ কর্মকর্তা।

নলছিটিতে দেড় শতাধিক পরিবারে

প্যাকেটে ছিল ছোলা, মুড়ি, খেজুর, চিনি,ডাল ও সয়াবিন তেলসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ নির্বাচনে ঝালকাঠি-২ আসনে জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থী শেখ নেয়ামুল করিম। তিনি বলেন, রমজান আমাদের ত্যাগের শিক্ষা দেয়। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির এ সময়ে মানবিক দায়বদ্ধতা থেকেই আমরা সাধারণ মানুষের পাশে থাকার চেষ্টা করছি।

কারা এবং কীভাবে পাবেন

কমিয়ে ৯৫টিতে নামিয়ে আনা হয়েছে। বরাদ্দ কমে হয়েছে ১ লাখ ২৬ হাজার ৭৩১ কোটি টাকা। ঈদুল ফিতরের আগে এর আওতায় মাসে ২ হাজার ৫০০ টাকা করে ৫০ লাখ সুবিধাভোগীকে দেওয়া হবে এ কার্ড। দেশের হতদরিদ্র, দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারের নারীরা এই কার্ডের সুবিধা পাবেন। কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সভাপতি এ এইচ এম সফিকুজ্জামান বলেন, আড়াই হাজার টাকা দিলেন, মাসে মাসে। কিন্তু মূল্যস্ফীতির লাগাম যদি টেনে না ধরা হয়, তাহলে জীবনধারণের জন্য প্রাথমিক প্রয়োজনগুলো পূরণ করা কষ্ট হবে। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সাবেক সদস্য আমিনুর রহমান বলেন, আমরা একটা প্রায়োরিটি (হিসেবে) নিতে পারি যে, এই এই (কাজগুলো) করব এবং এগুলো আমরা এই এই ধাপে করব। সরকারি রাজস্বের এখন যে অর্থনৈতিক অবস্থা তাতে একবারে সবগুলো দেওয়া সরকারের জন্য খুবই চ্যালেঞ্জিং। এর ভেতরে ফ্যামিলি কার্ডের কথা শোনা যাচ্ছে, বৃক্ষ রোপণের কথা শোনা যাচ্ছে, এই সব কাজের জন্য তো আরও অর্থের প্রয়োজন হবে। আগামী চার মাসের মধ্যে পাইলটিং কার্যক্রম শেষ হবে। নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী, পর্যায়ক্রমে ৪ কোটি পরিবারকে ফ্যামেলি কার্ডের আওতায় আনার পরিকল্পনা সরকারের।

ভোলায় ন্যায্যমূল্যে দুধ, ডিম

সরবরাহ নিশ্চিতে এ কার্যক্রম শুরু হয়েছে। জেলা প্রাণিসম্পদ কার্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচির উদ্বোধন করেন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. বেলাল হোসেন। এসময় উপস্থিত ছিলেন, ভোলা জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা মোহাম্মদ রফিকুল ইসলাম,ভোলা সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. শাহীন মাহমুদ, ভোলা জেলা ডেইরি ফার্ম অ্যাসোসিয়েশন এর সাংগঠনিক সম্পাদক কামরুল হাসান খোকন, খামারি বিপ্লবসহ আরো খামারিরা। এ কর্মসূচি পুরো রমজান মাস ধরে চলমান থাকবে বলে জানিয়েছেন কর্তৃপক্ষ। এসময় জেলা প্রশাসক বলেন, প্রান্তিক মানুষের জীবন মান সহজ করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার যে উদ্যোগ নিয়েছে তা অত্যন্ত প্রশংসনীয়। এ কার্যক্রমের অংশ হিসাবে ভোলাতে ভ্রামমাণ ভ্যানের মাধ্যমে সুলভ মূল্যে দুই লাখ পিচ ডিম, দুই হাজার কেজি মুরগির মাংস ও দুই হাজার লিটার দুধ সুলভ মূল্যে প্রান্তিক মানুষের মাঝে বিক্রি করা হবে। এর মাধ্যমে বাজারের উপরে চাপ কমে আসবে। এতে সকল শ্রেনির মানুষ আমিষের চাহিদা পূরণ করতে পারবে। ভোলা জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোহাম্মদ রফিকুল ইসলাম জানান, রমজান মাসজুড়ে নির্ধারিত স্থানে এই সুলভ মূল্যের বিক্রয় কার্যক্রম অব্যাহত থাকবে। এর মাধ্যমে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের ওপর নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাড়তি চাপ কিছুটা হলেও লাঘব হবে বলে আশা করা হচ্ছে। বুধবার সরেজমিন প্রাণিসম্পদ দপ্তরের বিক্রয় কেন্দ্রে দেখা গেছে, সকাল থেকেই সেখানে সুবিধাভোগী ক্রেতাদের ভিড়। অসংখ্য নারী-পুরুষ সেখান থেকে ন্যায্যমূল্যে সরকার নির্ধারিত মূল্য পণ্য কিনে নিচ্ছেন। ন্যায্যমূল্যে পণ্য ক্রয় করতে আসা আবুল খায়ের, বশির আহমেদ, বাদল মিয়া, সেলিনা বেগম, সারমিন সুলতানা ও সিরাজুল ইসলামের সাথে কথা হয়। তাদের সকলের মুখে একই সুর। তারা বলেন, সারা বছরব্যাপী সরকার এমন সূলভমূল্যের পণ্য বিক্রি করলে মানুষের মাঝে স্বস্তি ফিরে আসবে। প্রান্তিক জনপদেও এমন আয়োজনের দাবি সকলের।

বরিশাল শিক্ষা বোর্ডে নির্বাচনের দাবিতে

নির্বাচন আয়োজন না করায় কর্মচারীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। দ্রুত নির্বাচন না হলে আরও কঠোর কর্মসূচির হুঁশিয়ারিও দেন তারা। পরবর্তীতে অপর পক্ষে নেয়ামুল হাওলাদার ও মোঃ রিয়াজ আহম্মেদ এর নেতৃত্বে আরেকটি গ্রুপ বোর্ড চত্বরে পৃথক শোডাউন ও সমাবেশ করে। তারাও দ্বিবার্ষিক নির্বাচনের দাবিকে সমর্থন জানিয়ে বলেন, গণতান্ত্রিক প্রক্রিয়ায় নতুন কমিটি গঠন না হলে কর্মচারীদের স্বার্থ সুরক্ষিত হবে না। উভয় পক্ষই দ্বিবার্ষিক নির্বাচন আয়োজনকে কেন্দ্র করে নিজেদের অবস্থান তুলে ধরলেও বোর্ড প্রাঙ্গণে এক ধরনের থমথমে পরিস্থিতির সৃষ্টি হয়। অতিরিক্ত কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটলেও সার্বিক পরিস্থিতি ছিল উত্তপ্ত। বোর্ডের সাধারণ কর্মচারীদের সঙ্গে কথা বলে জানা যায়, নির্বাচন ইস্যুতে দীর্ঘদিন ধরে অসন্তোষ জমে আছে। অনেকেই বলেন, “সময়মতো নির্বাচন হলে এ ধরনের বিভাজন ও উত্তেজনার সৃষ্টি হতো না।” তারা দ্রুত নির্বাচন আয়োজনের মাধ্যমে সংকট নিরসনের আহ্বান জানান। এ বিষয়ে বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তাৎক্ষণিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্টরা সতর্ক অবস্থানে রয়েছেন বলে জানা গেছে।

পুকুরের পানিতে ডুবে

সময় ঘরে না ফেরায় পরিবারের লোকজন খুঁজতে গিয়ে পুকুর ঘাটে তার জুতা ও লাঠি দেখে সন্দেহ হয়। তাৎক্ষণিক পরিবার ও স্থানীয়রা পানিতে নেমে খোঁজার একপর্যায়ে তার ডুবন্ত মরদেহ উদ্ধার করেন। ওই ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ইউপি সদস্য মো. আফজাল হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। দশমিনা থানার অফিসার ইনচার্জ আবু সাহাদাৎ মো. হাসনাইন পারভেজ বলেন, বিষয়টি জেনেছি। এখানে কারও কোনো অভিযোগ নেই। মানবিক দৃষ্টিকোণ থেকে ময়নাতদন্ত ছাড়াই মরদেহ দাফনের প্রক্রিয়া চলছে।

ঝালকাঠিতে সেমাই তৈরির ধুম

দ্রুত তাদের ভেতরে সরিয়ে নেন। জাফর হোসেন দাবি করেন, ওরা পাশের বাসার, শখের বশে এখানে দেখতে এসে কাজে হাত দিয়েছে। এ বিষয়ে কারখানার মালিক নান্না মিয়ার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কথা বলতে রাজি হননি। একই এলাকার কুলসুম সেমাই কারখানায় কাজ করতে দেখা গেছে চারজন কিশোর শ্রমিককে। তারা সবাই নলছিটি উপজেলার খাগড়াখানা মডেল হাই স্কুলের ছাত্র। এদের মধ্যে শাকিব দশম শ্রেণি, রুহুল আমীন এসএসসি পরীক্ষার্থী এবং অহেদুল ও নীরব অষ্টম শ্রেণিতে পড়ে। কারখানার মালিক শাখাওয়াত হোসেনের দাবি, স্কুল বন্ধ থাকায় তারা ‘স্বেচ্ছায়’ কাজ করতে এসেছে। পশ্চিম চাঁদকাঠির মক্কা সেমাই কারখানায় কর্মরত উজিরপুর থেকে আসা দুজন কিশোর শ্রমিক। তারা পড়াশোনা করে না বলে জানালেও কাজের বিষয়ে বিস্তারিত কথা বলতে রাজি হয়নি। কারখানার মালিক আইউব আলী জানান, রমজানে সেমাইয়ের বাড়তি চাহিদা থাকায় এরা ‘মৌসুমি শ্রমিক’ হিসেবে কাজ করছে। অনুসন্ধানে জানা গেছে, ঝালকাঠিতে শিশুশ্রম দেখভালের জন্য সুনির্দিষ্ট কোনো দপ্তর নেই। এমনকি জেলায় ঠিক কতটি সেমাই কারখানা চালু আছে, তার সঠিক পরিসংখ্যানও নেই কোনো কর্তৃপক্ষের কাছে। তবে জেলা নিরাপদ খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ফয়েজ জালাল উদ্দিন বলেন, এর আগে অভিযানে সেমাইয়ে তেলাপোকা পাওয়ায় জেলা প্রশাসনের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হয়েছিল। আমাদের নিয়মিত তদারকি ও অভিযান অব্যাহত আছে। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা সহকারী পরিচালক সাফিয়া সুলতানা জানান, বর্তমানে বিভিন্ন এলাকায় অভিযান চলছে। পর্যায়ক্রমে এসব কারখানাতেও অভিযান চালানো হবে।

বাংলাদেশসহ ৪০ দেশ থেকে মুরগি ও

আংশিকভাবে আমদানির ওপর বিধিনিষেধ জারি করার বিষয়টি নিশ্চিত করেছে দেশটির ফুড অ্যান্ড ড্রাগ অথরিটি। মঙ্গলবার গালফ প্রতিবেদনে বলা হয়, বৈশ্বিক স্বাস্থ্য পরিস্থিতি ও রোগতাত্ত্বিক (এপিডেমিওলজিক্যাল) হালনাগাদের ভিত্তিতে নিষিদ্ধ ও সীমিত দেশগুলোর তালিকা নিয়মিত পর্যালোচনা করা হবে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে। সর্বশেষ হালনাগাদ অনুযায়ী, কিছু নিষেধাজ্ঞা ২০০৪ সাল থেকেই কার্যকর রয়েছে, আবার কিছু নিষেধাজ্ঞা ঝুঁকি মূল্যায়ন ও আন্তর্জাতিক প্রতিবেদনের ভিত্তিতে ধাপে ধাপে যুক্ত হয়েছে। বিশেষ করে উচ্চমাত্রার এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব এসব সিদ্ধান্তের প্রধান কারণ হিসেবে উল্লেখ করেছে দেশটি। সম্পূর্ণ নিষেধাজ্ঞার আওতায় থাকা দেশগুলোর মধ্যে রয়েছে আফগানিস্তান, আজারবাইজান, জার্মানি, ইন্দোনেশিয়া, ইরান, বসনিয়া ও হার্জেগোভিনা, বুলগেরিয়া, বাংলাদেশ, তাইওয়ান, জিবুতি, দক্ষিণ আফ্রিকা, চীন, ইরাক, ঘানা, ফিলিস্তিন, ভিয়েতনাম, কম্বোডিয়া, কাজাখস্তান, ক্যামেরুন, দক্ষিণ কোরিয়া, উত্তর কোরিয়া, লাওস, লিবিয়া, মিয়ানমার, যুক্তরাজ্য, মিসর, মেক্সিকো, মঙ্গোলিয়া, নেপাল, নাইজার, নাইজেরিয়া, ভারত, হংকং, জাপান, বুরকিনা ফাসো, সুদান, সার্বিয়া, স্লোভেনিয়া, কোট দিভোয়ার ও মন্টেনিগ্রো। এছাড়া অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, ইতালি, বেলজিয়াম, ভুটান, পোল্যান্ড, টোগো, ডেনমার্ক, রোমানিয়া, জিম্বাবুয়ে, ফ্রান্স, ফিলিপাইনস, কানাডা, মালয়েশিয়া, অস্ট্রিয়া ও গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোতে নির্দিষ্ট রাজ্য বা শহরের ক্ষেত্রে আংশিক নিষেধাজ্ঞা কার্যকর থাকবে। সৌদি ফুড অ্যান্ড ড্রাগ অথরিটি স্পষ্ট করেছে, অনুমোদিত স্বাস্থ্য ও নিরাপত্তা মান পূরণ করলে তাপপ্রক্রিয়াজাত (হিট-ট্রিটেড) মুরগি এবং সংশ্লিষ্ট পণ্যের ক্ষেত্রে এই অস্থায়ী নিষেধাজ্ঞা প্রযোজ্য নয়। এসব পণ্যের সঙ্গে অবশ্যই সরকারি সনদ থাকতে হবে, যাতে নিশ্চিত করা যায় যে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে এভিয়ান ইনফ্লুয়েঞ্জা ও নিউক্যাসল রোগের ভাইরাস সম্পূর্ণরূপে ধ্বংস করা হয়েছে এবং পণ্যগুলো রপ্তানিকারক দেশের অনুমোদিত স্থাপনা থেকেই এসেছে।

ত্রয়োদশ সংসদ নির্বাচন সামগ্রিকভাবে

বিভিন্ন ধাপে তুলনামূলক স্থিতিশীলতা লক্ষ্য করা গেছে, যদিও কিছু সীমাবদ্ধতা নিয়ে আলোচনা রয়েছে। সামগ্রিক বিচারে নির্বাচনটি গ্রহণযোগ্যতা অর্জনে সক্ষম হয়েছে বলে আংশিকভাবে বলা যেতে পারে, তবে পূর্ণাঙ্গ মূল্যায়নের জন্য আরও বিশদ পর্যালোচনা প্রয়োজন। বুধবার (২৫ ফেব্রুয়ারি) জাতীয় প্রেস ক্লাবে ‘সুজন-এর দৃষ্টিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬’ শীর্ষক সংবাদ সম্মেলনে সুজনের কেন্দ্রীয় কমিটির সদস্য একরাম হোসেন এসব কথা বলেন। লিখিত বক্তব্যে একরাম হোসেন বলেন, আশার কথা হলো- নির্বাচন অপেক্ষাকৃত শান্তিপূর্ণ হয়েছে। পাশাপাশি নির্বাচনে বিজয়ী দলের নেতা কর্তৃক পরাজিত দলের নেতৃবৃন্দের সঙ্গে সাক্ষাৎ করা এবং পরাজিত দল কর্তৃক বিজয়ীদের অভিনন্দন জানানো নতুন রাজনৈতিক সংস্কৃতি গড়ে ওঠার পূর্বাভাস বলে মনে হচ্ছিল। কিন্তু সংবিধান সংস্কার পরিষদের শপথ নেওয়া বা না নেওয়া, বিষয়কে কেন্দ্র করে বিজয়ী ও পরাজিতদের মধ্যে সৃষ্ট বিরোধ এবং ১১ দলীয় জোটভুক্ত দলগুলো কর্তৃক মন্ত্রিসভার শপথ অনুষ্ঠান বর্জন নতুন শঙ্কার জন্ম দিয়েছে। আমাদের প্রত্যাশা, দ্রুতই সংকট কেটে যাবে এবং আমরা সকলে মিলে গণতান্ত্রিক অভিযাত্রায় শামিল হবো। ভোটগণনা ও ফলাফল ঘোষণা নিয়ে তিনি বলেন, ১২ ফেব্রুয়ারির নির্বাচনে ভোটগণনা শেষে ধাপে খাপে ফলাফল ঘোষণা করা হয়েছে এবং এ প্রক্রিয়ায় বড় ধরনের অসঙ্গতির অভিযোগ ব্যাপকভাবে সামনে না এলেও ঢাকাসহ দেশের বেশ কিছু গুরুত্বপূর্ণ এবং প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ আসনে গণনা বিলম্ব হওয়া এবং কেন্দ্রভিত্তিক ফলাফল প্রতিবেদনে ঘষামাজা, এজেন্টদের অগ্রিম স্বাক্ষর নিয়ে নেওয়া, স্বাক্ষরবিহীন কেন্দ্র ফলাফল প্রতিবেদন প্রেরণ ও গ্রহণ, ইত্যাদি অনিয়ম লক্ষ্য করা গেছে। জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোট নির্বাচন কমিশন ও গণমাধ্যমের কাছে এসব অভিযোগ উত্থাপন করে ৩০টি আসনের ব্যালট পুনর্গণনার দাবি জানিয়েছে। তাই এ মানদণ্ডে নির্বাচনটি কাঙ্ক্ষিত মানের স্বচ্ছতা বজায় রাখতে পেরেছে বলে আমাদের কাছে প্রতীয়মান হয় না। সংবাদ সম্মেলনে সুজন সম্পাদক বদিউল আলম মজুমদার বলেন, মোটামুটি শান্তিপূর্ণভাবে নির্বাচন হয়েছে। সবগুলো দল ফলাফল মেনে নিয়েছে। ঋণখেলাপি ও দ্বৈত নাগরিকত্ব নিয়ে আমরা আগেও প্রশ্ন তুলছিলাম, যদি কমিশন আমাদের সুপারিশকৃত আইনে অন্তর্ভুক্ত করতো, তাহলে এসব সমস্যস এড়ানো যেত। তিনি বলেন, জুলাই সনদের আইনি ভিত্তির আদেশের জন্য জনগণ রায় দিয়েছে। বিএনপি শপথের সংস্কার না নেওয়ায় জটিলতা সৃষ্টি হয়েছে। যদিও ক্ষমতাসীন দল বলেছে, জুলাই সনদ বাস্তবায়নে তারা অঙ্গীকারবদ্ধ।

বিশ্ববাজারে জ্বালানি তেলের

যুক্তরাষ্ট্র মধ্যপ্রাচ্যে সামরিক বাহিনী মোতায়েন করে ইরানকে তার পারমাণবিক ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কর্মসূচি নিয়ে আলোচনায় বসতে চাপ দিচ্ছে। দীর্ঘস্থায়ী সংঘাত হলে ওপেকভুক্ত তৃতীয় বৃহত্তম অপরিশোধিত তেল উৎপাদনকারী ইরানসহ মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ উৎপাদনকারী দেশগুলোর সরবরাহ ব্যাহত হতে পারে। আইএনজি’র পণ্য কৌশলবিদরা বলেন, এই অনিশ্চয়তার অর্থ হলো বাজার বড় ধরনের ঝুঁকি প্রিমিয়াম ধরে রাখবে এবং নতুন যেকোনো ঘটনার প্রতি সংবেদনশীল থাকবে। বৃহস্পতিবার জেনেভায় যুক্তরাষ্ট্রের দূত স্টিভ উটকভ ও জারেড কুশনার ইরানি প্রতিনিধিদলের সঙ্গে তৃতীয় দফা বৈঠকে বসবেন। মঙ্গলবার ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরঘচি বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি চুক্তি হাতের নাগালে, তবে কেবল তখনই যখন কূটনীতিকে অগ্রাধিকার দেওয়া হবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে বলেছেন, চুক্তি না হলে খুব খারাপ পরিণতি হবে। এদিকে চীন থেকে সুপারসনিক জাহাজবিধ্বংসী ক্ষেপণাস্ত্র কিনতে যাচ্ছে ইরান। এ বিষয়ে একটি চুক্তির কাছাকাছি রয়েছে দেশ দুইটি। ছয়টি সূত্রের বরাত দিয়ে রয়টার্স এক প্রতিবেদনে এমন তথ্য জানিয়েছে। একই সময়ে যুক্তরাষ্ট্র সম্ভাব্য হামলার প্রস্তুতি হিসেবে ইরান উপকূলের কাছে বড় নৌবহর মোতায়েন করছে। আলোচনার সঙ্গে সংশ্লিষ্ট ছয়জনের তথ্য অনুযায়ী, চীনে নির্মিত সিএম৩০২ ক্ষেপণাস্ত্র কেনার চুক্তি প্রায় চূড়ান্ত পর্যায়ে। তবে সরবরাহের নির্দিষ্ট তারিখ এখনো ঠিক হয়নি। প্রায় ২৯০ কিলোমিটার পাল্লার এই সুপারসনিক ক্ষেপণাস্ত্র নিচু উচ্চতায় ও উচ্চগতিতে উড়ে জাহাজের প্রতিরক্ষা ব্যবস্থা ফাঁকি দিতে সক্ষম। বিশেষজ্ঞদের মতে, এটি ইরানের আঘাত হানার সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়াবে এবং অঞ্চলে মার্কিন নৌবাহিনীর জন্য হুমকি তৈরি করবে। গত বছরের জুনে ইসরায়েল-ইরান ১২ দিনের যুদ্ধের পর আলোচনা দ্রুত অগ্রসর হয়। আলোচনার শেষ পর্যায়ে ইরানের জ্যেষ্ঠ সামরিক ও সরকারি কর্মকর্তারা চীন সফর করেন। ইসরায়েলের থিংক ট্যাংক ইন্সটিটিউট ফর ন্যাশনাল সিকিউরিটি স্টাডিজ-এর জ্যেষ্ঠ গবেষক ও সাবেক গোয়েন্দা কর্মকর্তা ড্যানি সিত্রিনোভিচ বলেন, ইরান যদি সুপারসনিক সক্ষমতা পায়, তা পুরো পরিস্থিতিই বদলে দেবে। এই ক্ষেপণাস্ত্র প্রতিহত করা অত্যন্ত কঠিন। চুক্তিতে কতগুলো ক্ষেপণাস্ত্র থাকবে বা মূল্য কত তা স্পষ্ট নয়। এমন খবর প্রকাশের পর চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, সম্ভাব্য ক্ষেপণাস্ত্র বিক্রির বিষয়ে তারা অবগত নয়। চীনের প্রতিরক্ষা মন্ত্রণালয়ও মন্তব্য করেনি।

আ.লীগের কার্যক্রম বিএনপি নিষিদ্ধ করে

কলাপাড়া গড়তে আপনাদের সহায়তা দরকার।’ তিনি আরো বলেন, ‘ আওয়ামী লীগের কার্যক্রম বিএনপি নিষিদ্ধ করে নাই। ইউনুস সরকার করেছে। তিনি জামায়াতের নেতার বক্তব্যের প্রেক্ষিতে বলেন, ‘ বিরোধী দলের ইতিহাস আমাদের জন্য কখনো সুখের ছিল না। তবে এখন মাননীয় প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা, সবার আগে বাংলাদেশ। যে যার মত প্রকাশ করবে। সেখানে কোন প্রতিবন্ধকতা থাকবে না।’ উপজেলা নির্বাহী অফিসার কাউছার হামিদ এ সভায় সভাপতিত্ব করেন। তিনি স্বাগত বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সহকারী কমিশনার (ভূমি) মো. ইয়াসীন সাদেক, কলাপাড়া থানার ওসি মোঃ রবিউল ইসলাম, মহিপুর থানার ওসি মো. মহব্বত খান, কলাপাড়া উপজেলা বিএনপির সভাপতি হাজী হুমায়ুন সিকদার, জামায়াতে ইসলামী কলাপাড়া উপজেলা আমীর মোহাম্মদ আব্দুল কাইউম, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. আরাফাত হোসেন, কলাপাড়া প্রেসক্লাব সভাপতি নেছারউদ্দিন আহমেদ টিপু, ইউপি চেয়ারম্যান মো. মজিবর রহমান, আইনজীবী কল্যান সমিতির সভাপতি অ্যাডভোকেট খন্দকার নাসির উদ্দিন, গণঅধিকার পরিষদ কলাপাড়া আহ্বায়ক আব্দুস সালাম হাওলাদার, বন্দর ব্যবসায়ী সমিতির সভাপতি মো. নাজমুল ইসলাম, কুয়াকাটা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. খলিলুর রহমান প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিপিপির সহকারী পরিচালক মো আসাদুজ্জামান খান। এর আগে নবনির্বাচিত সংসদ সদস্য কে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

নিখোঁজ ১৭ জেলে: আড়াই বছরের

নাকি ভারতের গুজরাটে একটি কারাগারে আটক আছেন। ২০২৩ সালের ১৭ নভেম্বর ঘূর্ণিঝড় ‘মিথিলা’র তাণ্ডবে উত্তাল হয়ে ওঠে বঙ্গোপসাগর। বৈরী আবহাওয়ার মধ্যেই বরগুনা উপকূল থেকে মাছ ধরতে যায় ‘এম বি এলাহী ভরসা’ নামের একটি ট্রলার। সেই ট্রলারসহ ১৭ জন জেলে আর ফিরে আসেননি। সাধারণত ১০ থেকে ১৫ দিনের মধ্যেই মাছধরা ট্রলার ফিরে আসে। কিন্তু দিন পেরিয়ে মাস, মাস পেরিয়ে বছর কোনো খোঁজ মেলেনি। পরিবারগুলো প্রথমে উপকূল, হাসপাতাল, থানা সব জায়গায় খোঁজ করেছেন। পরে অনেকেই ধরে নিয়েছিলেন, প্রিয় মানুষগুলো হয়তো আর নেই। সম্প্রতি দাবি উঠেছে, নিখোঁজ ওই ১৭ জেলে ভারতের গুজরাট রাজ্যের একটি কারাগারে আটক রয়েছেন। পরিবারের সদস্যরা বলছেন, তাদের নামের একটি তালিকাও পাওয়া গেছে। যদিও প্রশাসনের পক্ষ থেকে এখনও আনুষ্ঠানিকভাবে কিছু নিশ্চিত করা হয়নি। নিখোঁজ এক জেলের ছেলে মিরাজ জানায়, “ঝড়ের পর থেকে বাবার কোনো খবর পাইনি। একসময় ধরে নিয়েছিলাম বাবা আর নেই। এখন শুনছি তারা ভারতের জেলে আছে। “যদি সত্যি হয়, এর চেয়ে বড় আনন্দ আর কিছু নাই। কিন্তু এত দিনেও সরকারের স্পষ্ট কোনো উদ্যোগ চোখে পড়ছে না।” স্ত্রী মারিয়াম বেগমের কণ্ঠেও একই আকুতি, “অনেক খোঁজাখুঁজি করছি। এখন শুনছি বরগুনা থানায় খবর আইছে, তারা গুজরাটের জেলে আছে। সরকার যেন দ্রুত ব্যবস্থা নেয়।” স্বামীর অপেক্ষায় থাকা আফিয়া আক্তার জানান, ডিসি অফিসে নাকি একটি বার্তা এসেছে এমন খবর শুনে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছেন। “ছোট ছোট বাচ্চা নিয়ে কষ্টে আছি। সরকার যদি মানুষগুলারে ফিরায়, এই দুঃখ ঘুচে যাবে,” বলেন তিনি। বরগুনা ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা দাবি করেন, ১৭ জেলে গুজরাটের কারাগারে বন্দি আছেন এবং প্রয়োজনীয় কাগজপত্র পাঠানো হয়েছে। তবে জেলা প্রশাসনের পক্ষ থেকে এখনও আনুষ্ঠানিক নিশ্চয়তা আসেনি। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) অনিমেষ বিশ্বাস বলেন, “ভারতের কারাগারে পাওয়া গেছে এমন কোনো আনুষ্ঠানিক তথ্য এখনও হাতে আসেনি। সুনির্দিষ্ট তথ্য মিললে কূটনৈতিক প্রক্রিয়ায় দেশে ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হবে।” জেলা মৎস্য কর্মকর্তা মো. জিয়া উদ্দিন জানান, বিষয়টি যাচাই করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগের চেষ্টা চলছে। উপকূলীয় অঞ্চলে ঝড়-জলোচ্ছ্বাস, নৌপথ হারানো কিংবা অজান্তে আন্তর্জাতিক জলসীমা অতিক্রমের কারণে জেলেদের বিদেশি কারাগারে আটক হওয়ার ঘটনা নতুন নয়। তবে দীর্ঘ সময় ধরে কোনো নির্ভরযোগ্য তথ্য না পাওয়া এটাই পরিবারগুলোর সবচেয়ে বড় যন্ত্রণা। আড়াই বছর ধরে অনিশ্চয়তার ভেতর দিন গুনছে বরগুনার ১৭টি পরিবার। প্রিয়জনেরা সত্যিই ফিরবে কি না, কেউ জানে না। তবু ঘরের দরজা খোলা রেখে, বুকের ভেতর একটু জায়গা খালি রেখে তারা অপেক্ষা করে হয়তো একদিন হঠাৎ দরজায় কড়া নাড়বে সাগর থেকে ফেরা মানুষগুলো।

তাঁবু সাজিয়েই রমজানের

বৈপরীত্য লক্ষ করা যাচ্ছে। তাঁবুগুলোর বাইরে যুদ্ধের ক্ষত ও ধ্বংসাবশেষের চিহ্ন থাকলেও ভেতরে ঝুলছে রঙিন কাগজ আর ছোট ছোট ফানুস। বাস্তুচ্যুত অবস্থায় এটি গাজাবাসীর কাটানো তৃতীয় রমজান। অনেক তাঁবুর কাপড়ে এখনো বুলেটের ছিদ্র বা ড্রোনের হামলার চিহ্ন স্পষ্ট। বাস্তুচ্যুত পরিবারগুলো রঙিন ফানুস আর হাতে আঁকা নকশা দিয়ে সেই ক্ষতচিহ্ন ঢেকে উৎসবের আমেজ তৈরির চেষ্টা করছে। চরম অর্থসংকটের মধ্যেও সন্তানদের মুখে হাসি ফোটাতে অনেক অভিভাবক কষ্টার্জিত অর্থে রমজানের লণ্ঠন সংগ্রহ করেছেন। মূলত যুদ্ধের বিভীষিকা আর দীর্ঘস্থায়ী ট্রমা ভুলে শিশুদের মনে রমজানের পবিত্রতা আর আনন্দ ফিরিয়ে আনাই এই ঘরোয়া সাজসজ্জার প্রধান লক্ষ্য। গাজার প্রতিটি পরিবার এখন ধ্বংসস্তূপের মাঝে দাঁড়িয়ে এক নতুন সজীবতায় রমজানের প্রস্তুতি নিচ্ছে। গত বছরের সংঘাত ও দীর্ঘস্থায়ী দুর্ভিক্ষের স্মৃতি এখনো সজীব থাকলেও সেই অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে তারা এবার সীমিত সামর্থ্যের মধ্যে খাদ্যসামগ্রী মজুত করছে। একদিকে বাজারে পণ্যের আকাশছোঁয়া দাম, অন্যদিকে ক্রয়ক্ষমতা কমে যাওয়ার কারণে অধিকাংশ মানুষ এখনো আন্তর্জাতিক সংস্থাগুলোর ত্রাণের ওপর নির্ভরশীল। তবে প্রতিকূলতা সত্ত্বেও ত্রাণ হিসেবে পাওয়া সাধারণ খেজুর বা ডাল দিয়ে তারা অতিযত্নে সাজাচ্ছে ইফতারের টেবিল। এই অভাব অনটনের মাঝেও ইফতারি ভাগ করে নেওয়ার চেষ্টা গাজাবাসীর সামাজিক বন্ধন ও উৎসবের প্রতি পরম মমত্ববোধ প্রকাশ করে। গাজার বিদ্যুৎ, পানি ও পয়োনিষ্কাশন ব্যবস্থা বিপর্যস্ত হলেও সেখানকার বাসিন্দারা অদম্য মনোবল নিয়ে পরিস্থিতি সামাল দিচ্ছে। খাবার সংরক্ষণের আধুনিক ব্যবস্থা না থাকলেও তারা প্রতিদিনের সীমিত সুযোগেই ইফতার ও সেহরির আয়োজন করছে। ধ্বংস হয়ে যাওয়া রাস্তাঘাটের কারণে ত্রাণ পৌঁছানো কঠিন হলেও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে তারা একে অপরের পাশে দাঁড়াচ্ছে। এমনকি নিজেদের বিধ্বস্ত ঘরবাড়ির ধ্বংসস্তূপ পরিষ্কার করে তারা তৈরি করছে নামাজের জায়গা। ধুলোবালি মাখা সেই প্রাঙ্গণগুলো আজ শুধু ইবাদতের জায়গা নয়, বরং প্রতিকূলতা জয় করে গাজাবাসীর আবার স্বাভাবিক জীবনে ফেরার এক দৃঢ় সংকল্প। দের আল-বালাহ এলাকার শরণার্থীশিবিরগুলোতে বর্তমানে শোক ও আশার এক মিশ্র প্রতিফলন দেখা যাচ্ছে। গত বছরের সংঘাতে স্বজন হারানো পরিবারগুলো প্রিয়জনদের শূন্যতা অনুভব করলেও শিশুদের মুখে হাসি ফোটাতে চেষ্টার কমতি রাখছেন না অভিভাবকেরা। তাঁবুর এক কোণে রান্নার জায়গা গুছিয়ে নেওয়া কিংবা অতিকষ্টে জোগাড় করা গ্যাস সিলিন্ডারটি সেহরির জন্য জমিয়ে রাখাড়সবই যেন টিকে থাকার অদম্য লড়াইয়ের অংশ। তীব্র জ্বালানি সংকটে প্লাস্টিকের শিট দিয়ে লাকড়ির চুলার আগুন আগলে রাখার দৃশ্য যেমন কষ্টের, তেমনি তা প্রতিকূলতা জয়ের এক দৃঢ় প্রতিচ্ছবি। মূলত ধ্বংসস্তূপের মাঝেও এই জীবনসংগ্রাম গাজাবাসীর একতাবদ্ধ থাকা এবং জীবনের স্বাভাবিক ছন্দ বজায় রাখারই এক নিরন্তর প্রয়াস। ধ্বংসস্তূপ আর অনিশ্চয়তার মাঝে দাঁড়িয়ে ফিলিস্তিনিরা এখন শুধু শান্তি আর নিজের ভিটেমাটিতে ফেরার অপেক্ষায় দিন গুনছে। গাজার প্রতিটি প্রান্তে এখন একটিই চাওয়াড়রমজান যেন আর নতুন কোনো সংঘাত বা দুর্ভিক্ষের বার্তা নিয়ে না আসে।

ছাত্রদল নেতার বিরুদ্ধে ট্রলারের

জসীম উদ্দীন মৃধা চরদুয়ানী ইউনিয়নের দক্ষিণ জ্ঞানপাড়া গ্রামের সালাম মৃধার ছেলে এবং একই ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি। ইঞ্জিনের মালিক আলমগীর খলিফা জানান, বেশ কিছুদিন আগে তিনি তার ট্রলারের জন্য দুটি ইঞ্জিন ক্রয় করেন। একটি মাছধরা ট্রলারে বসিয়েছেন এবং অন্যটি ছোট হওয়ায় রেখে দেন। বুধবার সকালে তার এক কর্মচারী ফোন দিয়ে বলে ইঞ্জিনটি পাওয়া যাচ্ছে না। এ খবরের পরে উপজেলার বিভিন্ন স্থানে খোঁজ-খবর নিয়েছেন। পরে তালতলা বাসস্ট্যান্ড এলাকার ভাঙ্গারি দোকানে এসে দেখে ইঞ্জিনটি শনাক্ত করেন। সেখান থেকে সিসিটিভি ফুটেজের মাধ্যমে দেখতে পান ইউনিয়নের যুবদল নেতা জসিম মৃধা ইঞ্জিনটি বিক্রি করে টাকা নিয়ে যাচ্ছেন। তিনি আরো জানান, যে ইঞ্জিনটি সাড়ে চার লাখ টাকায় ক্রয় করেছেন তার ট্রলারের জন্য, সেই ইঞ্জিনটি ভাঙ্গারির দোকানে ১১ হাজার টাকায় বিক্রি করেছেন তারা। অভিযুক্ত জসিম উদ্দিন মৃধা বলেন, আমার এলাকার ছোট ভাইয়েরা একটি ইঞ্জিন নিয়ে বাজারে বিক্রি করেছে। ওরা ছোট হওয়ায় ওদের কাছ থেকে মেশিন ক্রয় করতে চাচ্ছিল না। পরে আমি বিক্রি করে দিয়েছি। ওই মেশিনটা পরিত্যক্ত অবস্থায় ছিল। আমার বিরুদ্ধে যে চুরির কথা বলেছে এটি সঠিক নয়। আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য কেউ এই কাজ করছে। অতিরিক্ত পুলিশ সুপার (পাথরঘাটা সার্কেল) মো. শাহেদ চৌধুরী জানান, বিষয়টি সম্পর্কে অবগত হয়েছি। ভিকটিমকে মামলা দেয়ার জন্য বলা হয়েছে, মামলা হলেই আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ইরান নতি স্বীকার নয়, যুদ্ধই বেছে নেবে!

কীর্তনখোলা ডেস্ক

পারমাণবিক কর্মসূচি নিয়ে ইরানের ওপর চাপ সৃষ্টির লক্ষ্যে গোটা মধ্যপ্রাচ্যজুড়ে সামরিক শক্তি সাজিয়েছেন ট্রাম্প প্রশাসন। সাগরে বড় সব রণতরী আর ঘাঁটিতে থরে থরে যুদ্ধবিমান প্রস্তুত রেখেছে যুক্তরাষ্ট্র। তবে তেহরান আলোচনা চলমান রাখলেও যুদ্ধপ্রস্তুতি বাদ দিচ্ছে না। তাদের গর্বের ক্ষেপণাস্ত্র নিয়ে হুমকি দিচ্ছেন নেতারাও। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কড়া হুঁশিয়ারি ও চরম উত্তেজনার মাঝেও নিজেদের পারমাণবিক কর্মসূচি ও অস্ত্রভান্ডার নিয়ে নতিস্বীকার করতে নারাজ ইরান, যা রীতিমতো বিস্মিত করেছে মার্কিন কর্মকর্তাদের। এমন প্রেক্ষাপটে ইরানের বিরুদ্ধে হামলার ঝুঁকি নিয়ে শীর্ষ মার্কিন কর্মকর্তার সতর্কবার্তা প্রত্যাখ্যান করেছেন স্বয়ং প্রেসিডেন্ট। প্রত্যুত্তরে ট্রাম্প বলেছেন ওয়াশিংটন যে কোনো যুদ্ধে তেহরানকে ‘সহজে’ পরাজিত করবে। এদিকে, যুক্তরাষ্ট্র-ইরান সংঘাতের আশঙ্কায় অনেক দেশ তাদের নাগরিকদের ইরান ত্যাগের নির্দেশনা দিয়েছে। কোনো কোনো দেশ দূতাবাস কর্মকর্তাদের সংখ্যাও কমাচ্ছে। খবর প্রকাশিত হয়েছে, লেবাননে মার্কিন দূতাবাসের কর্মীদের সরিয়ে নিয়েছে যুক্তরাষ্ট্র। এর মধ্যে ইরানে সরকারি নিপীড়নের প্রতিবাদে দেশজুড়ে ফের বিক্ষোভ শুরু হয়েছে। গত সোমবার তৃতীয় রাতের মতো বিক্ষোভে নামে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী ও সাধারণ মানুষ। এর কয়েক সপ্তাহ আগে দেশটিতে ভয়াবহ বিক্ষোভ হয়েছিল। তাতে ব্যাপক দমন-নিপীড়ন চালায় তেহরান সরকার। তাতে হাজারো মানুষ নিহত হন। এমন পরিস্থিতিতে আগামীকাল জেনেভায় বৈঠকে বলছে যুক্তরাষ্ট্র ও ইরান। সংঘাত এড়ানোর শেষ চেষ্টা হিসেবে এ বৈঠক হওয়ার কথা। সেখানে যুদ্ধ এড়ানোর একটি পথ হিসেবে বেসামরিক উদ্দেশ্যে সীমিত ইউরেনিয়াম সমৃদ্ধকরণের প্রস্তাবটি বিবেচনা করা হতে পারে। ট্রাম্প প্রশাসন চাইছে ইরান যেন কোনোভাবেই ইউরেনিয়াম সমৃদ্ধ করতে না পারে। সেই সঙ্গে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পাল্লা কমানো এবং আঞ্চলিক সশস্ত্র গোষ্ঠীগুলোর প্রতি সমর্থন বন্ধের দাবিও রয়েছে ওয়াশিংটনের। বিপরীতে তেহরানের অবস্থান হলো, পারমাণবিক কর্মসূচি কেবল শান্তিপূর্ণ কাজের জন্য এবং ক্ষেপণাস্ত্র তাদের আত্মরক্ষার অধিকার। নিউইয়র্ক টাইমসের বিশ্লেষকদের মতে, ইরানের শাসকগোষ্ঠীর কাছে তাদের আদর্শগত ভিত্তি ও সার্বভৌমত্ব বিসর্জন দেওয়ার অর্থ হলো নিজেদের অস্তিত্ব বিলীন করা। মার্কিন প্রশাসনের ধারণা, ইরান এখন এতটাই দুর্বল যে, তারা সব দাবি মেনে নেবে। ট্রাম্পের প্রধান আলোচক স্টিভ উইটকফ এবং ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সও ইরানের এই ‘অপ্রত্যাশিত’ অনড় মনোভাবে বিরক্তি প্রকাশ করেছেন। তবে ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের ইরানবিষয়ক পরিচালক আলী ওয়ায়েজ বলেন, ইরানের কাছে যুক্তরাষ্ট্রের শর্ত মেনে নেওয়া মানে হলো, যমদূতের হাতে নিজেকে সঁপে দেওয়া। তারা বিশ্বাস করে, একবার নতিস্বীকার করলে চাপ কমবে না, বরং যুক্তরাষ্ট্র তাদের টুঁটি চেপে ধরতে আরও উৎসাহিত হবে। যদি সংঘাত শুরু হয়, তবে তা কতদূর গড়াবে, তা নিয়ে রয়েছে নানা সমীকরণ। প্রতিরক্ষা বিশ্লেষক ফারজিন নাদিমি মনে করেন, ইরান সম্ভবত গত জুনের মতোই সীমিত হামলা হজম করে নিয়ে মধ্যপ্রাচ্যের মার্কিন ঘাঁটিগুলোয় পাল্টা আঘাতের চেষ্টা করবে। কিন্তু ট্রাম্প যদি আরও বড় লক্ষ্য নিয়ে আগান, তবে মার্কিন ও ইসরায়েলি বাহিনীকে শুরুতেই ইরানের ক্ষেপণাস্ত্র সক্ষমতা গুঁড়িয়ে দিতে হবে। মার্কিন গণমাধ্যম জানিয়েছে, জয়েন্ট চিফ অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইন ইরানের বিরুদ্ধে হামলার সঙ্গে সম্পর্কিত বিভিন্ন ঝুঁকি সম্পর্কে সতর্ক করেছেন। এর মধ্যে রয়েছে দীর্ঘমেয়াদি সংঘাতের ঝুঁকি। অন্যদিকে, ইরান ইয়েমেনের হুথি বিদ্রোহীদের কৌশল অনুসরণ করতে পারে।

বৃষ্টির জন্য অপেক্ষা দীর্ঘ হবে, গরম আরও বাড়বে

কীর্তনখোলা ডেস্ক

শীতকাল বিদায়ের পর মঙ্গলবার ২৪ ফেব্রুয়ারি ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে ব্রজসহ বৃষ্টি হবে জানিয়ে পূর্বাভাস দিয়েছিল আবহাওয়া অধিদপ্তর। তবে ওই দিন বৃষ্টি হলেও সেটি ছিল অল্পস্বল্প। এর মধ্যে সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে সাতক্ষীরা ও যশোরে মাত্র ৩ মিলিমিটার। আর সামান্য বৃষ্টি ঝরেছে ঈশ্বরদী, ময়মনসিংহ, চুয়াডাঙ্গা ও বরিশালে। যৎসামান্য বৃষ্টি হলেও সারা দেশে গরমের দাপট বেড়েই চলেছে। দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চট্টগ্রাম জেলার আমবাগান অঞ্চলে ৩৪ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। দেশের প্রায় সব অঞ্চলেও তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের বেশ ওপরে রয়েছে। আগামী দিনগুলোতেও বৃষ্টির তেমন কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বুধবার সকাল ৯টায় আগামী ৫ দিনের পূর্বাভাসে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ গতকাল সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে পারে। রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আগামীকাল রাতের এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এর পর ২৭ ফেব্রুয়ারি থেকে ১ মার্চ পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে। আবহাওয়া বিশেষজ্ঞদের ধারণা, চলতি ফেব্রুয়ারি মাসে বৃষ্টির আর সম্ভাবনা নেই। এমনকি মার্চ মাসের প্রথম ৫-৬ দিনও সারা দেশ বৃষ্টিহীন থাকতে পারে। দুপুরে আবহাওয়াবিদ ড. মো. বজলুর রশিদ বলেন, আপাতত দেশে বৃষ্টির সম্ভাবনা দেখা যাচ্ছে না। সামগ্রিক আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণে ধারণা ৬ মার্চের পর হয়তো বৃষ্টি হতে পারে। কালবৈশাখীর জন্যও আরও অপেক্ষা করতে হবে। তাই এ সময় সারা দেশে তাপমাত্রা আরও বাড়তে পারে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২৬ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৩ ফাল্গুন ১৪৩২

ত্রয়োদশ সংসদ নির্বাচন সামগ্রিকভাবে স্বচ্ছ, কারসাজিমুক্ত ও বিশ্বাসযোগ্য: সুজন

কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামগ্রিকভাবে স্বচ্ছ, কারসাজিমুক্ত ও বিশ্বাসযোগ্য হয়েছে বলে মন্তব্য করেছে সুশাসনের জন্য নাগরিক-সুজন। সংগঠনটি বলছে, ১২ ফেব্রুয়ারির নির্বাচনে অংশগ্রহণ, প্রতিদ্বন্দ্বিতা, ভোটগ্রহণ ও ফলাফল ঘোষণার ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশসহ ৪০ দেশ থেকে মুরগি ও ডিম আমদানিতে নিষেধাজ্ঞা সৌদির

কীর্তনখোলা ডেস্ক
জনস্বাস্থ্য সুরক্ষা এবং দেশীয় বাজারে খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশসহ ৪০টি দেশ থেকে মুরগি ও ডিম আমদানিতে নিষেধাজ্ঞা আরোপ করেছে সৌদি আরব। পাশাপাশি আরো ১৬টি দেশের নির্দিষ্ট শহর বা এলাকা থেকে ৩ এর পাতায় দেখুন

আ.লীগের কার্যক্রম বিএনপি নিষিদ্ধ করে নাই: মোশাররফ হোসেন এমপি

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালী-৪ (কলাপাড়া-রাঙ্গাবালী) আসনের নবনির্বাচিত সংসদ সদস্য ও বিএনপির কেন্দ্রীয় কমিটির প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন বলেন, ' মাদক টোটাল সমাজকে শেষ করে দিচ্ছে। চোখ বন্ধ করে মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা করবেন। যেই কুতুব-ই হোক, কাউকে ছাড় দেওয়া যাবে না।' বুধবার বেলা ১১ টায় কলাপাড়া উপজেলা পরিষদ মিলনায়তনে 'পায়রায়' উপজেলা প্রশাসন আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন পুলিশ ও উপজেলা প্রশাসন কে মাদকমুক্ত সমাজ গড়তে এমন নির্দেশনা দেন। কলাপাড়া উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক প্রতিনিধি, সাংবাদিকসহ গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। এ সভায় এবিএম মোশাররফ হোসেন এমপি আরো বলেন, ' আমি আপনাদের মোশাররফ। এক সাথে মিলেমিশে কাজ করতে চাই। একটি উন্নত সমৃদ্ধ ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে সেমাই তৈরির ধুম কারখানায় ঝুঁকিপূর্ণ শিশুশ্রম

ঝালকাঠি প্রতিনিধি
আসন্ন পবিত্র ইদুল ফিতরকে সামনে রেখে ঝালকাঠির সেমাই কারখানাগুলোতে ব্যস্ততা বেড়েছে। তবে এই সুযোগে উৎপাদন খরচ কমাতে কারখানাগুলোতে অবাধে ব্যবহার করা হচ্ছে শিশু-কিশোর শ্রমিক। আর এই শিশুশ্রম আড়াল করতে মালিকপক্ষ নানা অজুহাত ও কৌশলের আশ্রয় নিচ্ছেন বলে অভিযোগ উঠেছে। শহরের কাঠপট্টি ও পশ্চিম চাঁদকাঠি এলাকার বেশ কিছু সেমাই কারখানা সরেজমিন পরিদর্শনে এমন চিত্র দেখা গেছে। শহরের কাঠপট্টি এলাকার মো. নান্না মিয়ার মালিকানাধীন মেসার্স মদিনা ফুড প্রোডাক্টসে দেখা যায়, দুজন শিশু শ্রমিক সেমাই প্যাকেজিংয়ের কাজ করছে। তারা নিজেদের মহেশখালীর বাসিন্দা এবং স্কুলছাত্র পরিচয় দিলেও নাম বলতে রাজি হয়নি। প্রতিবেদকের উপস্থিতি টের পেয়ে কারখানার কারিগর জাফর হোসেন ৩ এর পাতায় দেখুন

পুকুরের পানিতে ডুবে প্রতিবন্ধী যুবকের মৃত্যু

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনায় পুকুরের পানিতে ডুবে রিয়াজ মৃধা (৩৫) নামে এক শারীরিক প্রতিবন্ধী যুবকের মৃত্যু হয়েছে। বুধবার (২৫ ফেব্রুয়ারী) বিকেল ২ টার দিকে উপজেলার বেতাগী সানকিপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বড়গোপালদী গ্রামে এ ঘটনা ঘটে। রিয়াজ ওই গ্রামের বারেক মৃধার ছেলে। তিনি শারীরিক প্রতিবন্ধী ছিলেন। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার বিকেল ২ টার দিকে নিজের ঘরের পূর্ব পাশে পুকুর ঘাটে একা গোসল করতে যায় রিয়াজ। দীর্ঘ ৩ এর পাতায় দেখুন

পবিত্র মাহে রমজানে ইফতার সামগ্রী বিতরণ করেন মহানগর বিএনপির সাবেক সদস্য সচিব মীর জাহিদুল কবির জাহিদ -কীর্তনখোলা

বরিশাল শিক্ষা বোর্ডে নির্বাচনের দাবিতে উত্তাপ, পাল্টাপাল্টি শোডাউন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড প্রাঙ্গণে কর্মচারীদের দুই গ্রুপের পাল্টাপাল্টি শোডাউনকে কেন্দ্র করে উত্তেজনা সৃষ্টি হয়েছে। দ্বিবার্ষিক নির্বাচনের দাবিতে বুধবার বোর্ড চত্বরে পৃথকভাবে অবস্থান ও শোডাউন কর্মসূচি পালন করে উভয় পক্ষ। প্রথমে ছাইফুল ইসলামের নেতৃত্বে একদল কর্মচারী আচমকা শোডাউন করে নির্বাচনের তফসিল ঘোষণার দাবি জানান। তারা অভিযোগ করেন, নির্ধারিত সময় পেরিয়ে গেলেও দ্বিবার্ষিক ৩ এর পাতায় দেখুন

তাঁবু সাজিয়েই রমজানের আমেজ এনেছে গাজাবাসী

কীর্তনখোলা ডেস্ক
টানা দুই বছরের বিধ্বংসী যুদ্ধ আর বাস্তুচ্যুতির ক্ষত নিয়ে ফিলিস্তিনের গাজা ভূখণ্ডে শুরু হয়েছে পবিত্র রমজান মাস। গত ১০ অক্টোবর ২০২৫ থেকে কার্যকর হওয়া 'যুদ্ধবিরতি'র প্রভাবে এবারের রমজানের পরিস্থিতি বিগত দুই বছরের তুলনায় কিছুটা শান্ত। চারদিকে ধ্বংসস্তূপ, স্বজন হারানোর শোক আর চরম অনিশ্চয়তা থাকলেও গাজাবাসী এবার তাদের অস্থায়ী আশ্রয়স্থল বা তাঁবুগুলোকে সাজিয়ে তোলার মাধ্যমে আনন্দ খুঁজে নেওয়ার চেষ্টা করছে। তাদের এই ঘর সাজানোর প্রচেষ্টা শুধু সাজসজ্জা নয়, বরং প্রতিকূলতার বিরুদ্ধে একধরনের প্রতিরোধও বটে। আল জাজিরা অবলম্বনে লিখেছেন ফারিয়া রহমান খান। মধ্য গাজার বুরেইজ শরণার্থীশিবিরের জীর্ণ তাঁবুগুলোতে বর্তমানে এক অদ্ভুত ৩ এর পাতায় দেখুন

নিখোঁজ ১৭ জেলে: আড়াই বছরের অন্ধকারে ক্ষীণ আশার আলো

বরগুনা প্রতিনিধি
ছেলে ইউনূস সরকারের ছোট্ট ছবিটা বুকে চেপে ধরে বসে আছেন তারা বানু। চোখে জমে থাকা অশ্রু মুছতে মুছতে বলেন, "বাবা তো ঝড়ের আট দিন আগেই সাগরে গেছিল। তারপর সাগর খেপে উঠল আর কোনো খবর নাই। আড়াই বছর হইয়া গেল। এখন মানুষ কইতেছে, আমার পোলা নাকি ইন্ডিয়ার জেলে আছে। আল্লাহ যদি ফেরায়!" বরগুনার উপকূলে এমন অপেক্ষা এখন ১৭টি পরিবারের। সময়ের সঙ্গে সঙ্গে নিখোঁজ প্রিয়জনদের ফিরে পাওয়ার আশা প্রায় নিভে গিয়েছিল। কিন্তু সম্প্রতি ছড়িয়ে পড়া একটি খবরে আবারও জেগেছে ক্ষীণ আলো নিখোঁজ জেলেরা ৩ এর পাতায় দেখুন

কারা এবং কীভাবে পাবেন 'ফ্যামিলি কার্ড'

কীর্তনখোলা ডেস্ক
বিএনপির নির্বাচনী প্রচারে প্রাধান্য পেয়েছিল ফ্যামিলি কার্ড। এ নিয়ে নানা জল্পন কল্পনা এখনো চলছে। তবে আগামী ১০ মার্চ এই ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জানা গেছে, প্রাথমিকভাবে মাসে আড়াই হাজার টাকা করে ৫০ লাখ পরিবারকে ফ্যামিলি কার্ড দেবে সরকার। এ জন্য প্রতি বছর সরকারের বাড়তি ব্যয় হবে ১৫ হাজার কোটি টাকা। বিশ্লেষকরা বলছেন, দুর্নীতি আর অপচয় কমাতে পারলে সরকারের জন্য এটি চাপ হবে না। তবে রাজনৈতিক চাপ উপেক্ষা করা না গেলে, ফ্যামিলি কার্ড থেকে বঞ্চিত হতে পারেন অনেকে। চলতি অর্থবছরের বাজেটে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সংখ্যা ও বরাদ্দ দুটিই কমানো হয়েছে। এ সংখ্যা ১৪০ থেকে ৩ এর পাতায় দেখুন

ভোলায় ন্যায্যমূল্যে দুধ, ডিম ও মুরগির মাংস বিক্রি শুরু

ভোলা প্রতিনিধি
'আমিষেই শক্তি' 'আমিষেই মুক্তি' এ প্রতিপাদ্যে ভোলায় সুলভ মূল্যে দুধ, ডিম ও মুরগির মাংস বিক্রয় কার্যক্রম শুরু হয়েছে। জেলা প্রাণিসম্পদ বিভাগ ও জেলা প্রশাসনের উদ্যোগে সাধারণ মানুষের নাগালের মধ্যে আমিষজাতীয় খাদ্যপণ্য ৩ এর পাতায় দেখুন

নলছিটিতে দেড় শতাধিক পরিবারে জামায়াতের ইফতার বিতরণ

নলছিটি প্রতিনিধি
পবিত্র রমজান উপলক্ষ্যে ঝালকাঠির নলছিটিতে অসহায় ও শ্রমজীবী মানুষের পাশে দাঁড়িয়েছে জামায়াতে ইসলামী। বুধবার (২৫ ফেব্রুয়ারি) বিকেলে উপজেলার কুলকাঠি ইউনিয়নের বারইকরন হাজি বাড়িতে এক অনুষ্ঠানের মাধ্যমে দেড় শতাধিক পরিবারের হাতে ইফতারসামগ্রী তুলে দেওয়া হয়। কুলকাঠি ইউনিয়ন জামায়াতের উদ্যোগে আয়োজিত এ কর্মসূচিতে পূর্বনির্ধারিত তালিকা অনুযায়ী খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। প্রতিটি ৩ এর পাতায় দেখুন

অচেতন করে কোলের শিশু চুরির নাটক সাজালেন মা

ভোলা প্রতিনিধি
চিকিৎসকের কাছে নিয়ে যাওয়ার পথে মাকে নেশাজাতীয় দ্রব্যের মাধ্যমে অচেতন করে কোলে থাকা তিন মাসের কন্যাশিশুকে চুরি নিজের সন্তানকে নিয়ে এমন চুরির নাটক সাজিয়েছেন সুমাইয়া বেগম নামে এক মা। এরপর শিশুটির খোঁজ মিলেছে তার এক নিকট আত্মীয়র কাছে। এদিকে, মায়ের কোলের শিশু চুরির খবরে জেলাজুড়ে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হলে শিশুটিকে অক্ষত অবস্থায় উদ্ধারে মাঠে নামে পুলিশসহ জেলার অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা। বুধবার (২৫ ফেব্রুয়ারি) বেলা সাড়ে ১১টার দিকে ভোলা সদর উপজেলার পশ্চিম ইলিশা ইউনিয়নের মালেরহাট-সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। এদিন সন্ধ্যা ৭টার দিকে নিখোঁজ

বেঙ্গালুরুতে বাংলাদেশি সন্দেহে ১৮ জন আটক

কীর্তনখোলা ডেস্ক
ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য কর্ণাটকের রাজধানী বেঙ্গালুরু থেকে বাংলাদেশি সন্দেহে ১৮ জনকে আটক করেছে কর্ণাটক রাজ্য পুলিশ। আটকদের মধ্যে শিশু ও নারীও আছে। পুলিশসূত্রে জানা গেছে, সন্দেহজনক গতিবিধির কারণে আটক করা হয়েছে এই ১৮ জনকে। কোনো বৈধ নথিপত্রও তাদের কাছ থেকে পাওয়া যায়নি। মঙ্গলবার বিকেলের দিকে বেঙ্গালুরু-হাওড়া দুরন্ত এক্সপ্রেসে চাপিয়ে তাদের পশ্চিমবঙ্গে নিয়ে আসা হয়। তার পরে তাদের কোথায় নিয়ে যাওয়া হবে ৩ এর পাতায় দেখুন

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম ৭ মাসের মধ্যে সর্বোচ্চ

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্ভাব্য সামরিক সংঘাত সরবরাহ ব্যাহত করতে পারে এমন আশঙ্কায় বিনিয়োগকারীদের উদ্বেগ বেড়েছে। এমন পরিস্থিতিতে বিশ্ববাজারে তেলের দাম সাত মাসের উচ্চতার কাছাকাছি অবস্থান করছে। দুই দেশের মধ্যে বৃহস্পতিবার আলোচনা নির্ধারিত রয়েছে। বুধবার (২৫ ডিসেম্বর) ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেলপ্রতি ৪৩ সেন্ট বা ০.৬ শতাংশ বেড়ে ৭১.২০ ডলারে দাঁড়ায়। অন্যদিকে ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের দাম ৩৮ সেন্ট বা ০.৬ শতাংশ বেড়ে ৬৬.০১ ডলারে পৌঁছায়। গত শুক্রবার ব্রেন্টের দাম ৩১ জুলাইয়ের পর সর্বোচ্চ পর্যায়ে ওঠে, আর সোমবার ডব্লিউটিআই ৪ আগস্টের পর সর্বোচ্চ স্তরে পৌঁছে। ৩ এর পাতায় দেখুন

সাড়ে ৪ লাখ টাকার ইঞ্জিন ১১ হাজারে বিক্রি
ছাত্রদল নেতার বিরুদ্ধে ট্রলারের ইঞ্জিন চুরির অভিযোগ

পাথরঘাটা প্রতিনিধি
বরগুনার পাথরঘাটায় রাতের আঁধারে গভীর সমুদ্রে মাছ ধরার ট্রলারের ইঞ্জিন চুরির অভিযোগ উঠেছে ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি জসীম উদ্দীন মৃধার বিরুদ্ধে। বুধবার (২৫ ফেব্রুয়ারি) দুপুর ২ টার দিকে পাথরঘাটা পৌরসহরের ৬ নং ওয়ার্ডের তালতলা বাসস্ট্যান্ডের একটি ভাঙ্গারি দোকান থেকে ইঞ্জিনটি জব্দ করা হয়। সেখানে সাড়ে ৪ লাখ টাকার ইঞ্জিনটি ১১ হাজার টাকায় বিক্রি করা হয়। এর আগে মঙ্গলবার দিবাগত রাতের কোনো এক সময় উপজেলার চরদুয়ানি ইউনিয়নের খলিফারহাট বাজার থেকে জসীমউদ্দীন ও তার সহযোগীরা ইঞ্জিনটি চুরি করে নিয়ে আসেন। অভিযুক্ত ৩ এর পাতায় দেখুন

প্রাথমিকের স্থগিত বৃত্তি পরীক্ষা হবে এ বছর, থাকবে কিন্ডারগার্টেনও

কীর্তনখোলা ডেস্ক
দীর্ঘ ১৬ বছর পর ২০২৫ সালে প্রাথমিক বৃত্তি পরীক্ষা নেওয়ার ঘোষণা দিয়েছিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। তবে কিন্ডারগার্টেন তথা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশ নেওয়ার সুযোগ না রাখায় করা এক রিটের পরিপ্রেক্ষিতে আইনি জটিলতায় পড়ে এ বৃত্তি পরীক্ষা। দফায় দফায় আদালতের নির্দেশনায় শেষ পর্যন্ত সেই বৃত্তি পরীক্ষা আর অনুষ্ঠিত হয়নি। অথচ শিক্ষার্থীরা বছরজুড়ে প্রস্তুতি নিয়েছিল। এতে ক্ষোভ জানিয়ে আসছিলেন শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা। গত বছর স্থগিত হয়ে যাওয়া প্রাথমিকের সেই বৃত্তি পরীক্ষা নিয়ে সুখবর দিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। এ বছর ৩ এর পাতায় দেখুন

বানারীপাড়ায় এক বিএনপি নেতা বহিস্কার আরেকজনের পদ স্থগিত

বানারীপাড়া প্রতিনিধি
বরিশালের বানারীপাড়ায় কৃতকর্মের জন্য দুঃসংবাদ পেলেন দুই বিএনপি নেতা। দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও দলের নীতি আদর্শ সংহতি পরিপন্থী নানা আচরণের কারনে উপজেলার ইলুহার ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মেহেদী হাসান মিরাজকে বহিস্কার ও সহসভাপতি শাহাদাত হোসেন মেননের পদ স্থগিত করা হয়েছে। বুধবার (২৫ ফেব্রুয়ারী) বানারীপাড়া উপজেলা বিএনপির সভাপতি মোঃ শাহ্ আলম মিঞা ও সাধারণ সম্পাদক রিয়াজ উদ্দিন আহমেদ মৃধা স্বাক্ষরিত পৃথক দুটি পত্রে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ছয় ব্যবসায়ীকে জরিমানা

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল বুধবার দুপুরে পবীত্র রমজান উপলক্ষ্যে বাজার পরিদর্শন কালে দ্রব্যমূল্য বেশি নেয়া এবং অবৈধ ফুটপাত দখল করে ব্যবসা পরিচালনা করায় বিভিন্ন শ্রেণির ৬ ব্যবসায়ীকে জরিমানা করা হয়। এসময় উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকর্তা রেহেনা আক্তার ৬ ব্যাবসায়ীকে ৬হাজার ৫০০শত টাকা জরিমানা আদায় করেন। পথচারীদের নির্বিঘ্নে চলাচল করার জন্য অবৈধভাবে ফুটপাত দখল না করা এবং দ্রব্যমূল নিয়ন্ত্রণের জন্য সতর্ক করা হয়।

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com